# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 20, 1433 Bangla, July 04, 2026, Saturday, No. 179, 56th year


## H I G H L I G H T S

Jatiyo Sangsad Speaker has condemned assassination of Iran's late Supreme Leader Ayatollah Ali Khamenei in Tehran and conveyed condolences & solidarity to people of Iran on behalf of Bangladesh. [R. Today: 19]

Indian Ministry of External Affairs spokesperson has said, India is keeping a close eye on Prime Minister Tarique Rahman's recent visit to China and relation between two countries. [R. Today: 21]

Information & Broadcasting Minister has said, timely legal reforms are essential to deal with new reality created by rapid development of technology, artificial intelligence & digital technology. [Jago FM: 16]

Social Welfare Minister, after paying homage to tomb of Shahid President Ziaur Rahman in Rangunia of Chattogram, has said that history can be distorted or concealed but can never be erased. [Jago FM: 18]

State Minister for Power, Energy & Mineral Resources confirmed that government has reduced LPG prices to align with global market and will continue to adjust other fuel prices in stages. [Jago FM: 13]

State Minister for Fisheries & Livestock said that government has decided to keep all open water bodies accessible for fishermen to ease livelihood of genuine fishermen in haor areas. [R. Today: 20]

BGB has foiled an attempt to illegally push 10 people into Bangladesh at Juri border in Moulvibazar. [Jago FM: 13]

BGB is on high alert due to renewed conflict in Myanmar's Rakhine State, adjacent to Teknaf border in Cox's Bazar raise fears of Rohingya influx. [Jago FM: 16]

Diplomatic analysts have said, Myanmar's situation and broader geopolitical challenges could hinder implementation of China's proposed Kunming-Myanmar-Bangladesh Economic Corridor. [BBC: 03]

Malaysia's Immigration Department has detained 146 foreign nationals, including Bangladeshis, in a special operation to curb illegal immigration, unauthorized employment & illegal border crossings. [Jago FM: 17]

At least 40 people have been killed after an overcrowded passenger bus plunged into a rocky ravine in Balochistan of Pakistan. [DW: 08]


**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## আষাঢ় ২০, বাংলা ১৪৩৩, জুলাই ০৪, ২০২৬, শনিবার, নং- ১৭৯, ৫৬তম বছর

# শিরোনাম

জাতীয় সংসদের স্পিকার তেহরানে ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানিয়েছেন এবং বাংলাদেশের পক্ষ থেকে ইরানের জনগণের প্রতি সমবেদনা ও সংহতি প্রকাশ করেছেন। [রে. টুডে: ১৯]

প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক চীন সফর ও দুই দেশের সম্পর্কের গতিপথের ওপর ভারত নজর রেখেছে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র। [রে. টুডে: ২১]

প্রযুক্তির দ্রুত বিকাশ, কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল প্রযুক্তির বিস্তারের ফলে সৃষ্ট নতুন বাস্তবতা মোকাবিলায় সময়োপযোগী আইনি সংস্কার অপরিহার্য বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। [জাগো এফএম: ১৬]

সমাজকল্যাণমন্ত্রী চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধি জিয়ারত ও শ্রদ্ধা নিবেদন শেষে বলেছেন, ইতিহাস বিকৃত বা আড়াল করা গেলেও কখনো মুছে ফেলা যায় না। [জাগো এফএম: ১৮]

বৈশ্বিক পরিস্থিতি সমন্বয় করে সরকার এলপিজির দাম কমিয়েছে, ধাপে ধাপে অন্যান্য জ্বালানির দামও কমানো হবে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী। [জাগো এফএম: ১৩]

হাওরাঞ্চলের মৎস্যজীবীদের জীবিকা নির্বাহের সুবিধার্থে দেশের সকল উন্মুক্ত জলাশয় প্রকৃত মৎস্যজীবীদের জন্য উন্মুক্ত রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার, জানিয়েছে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী। [রে. টুডে: ২০]

মৌলভীবাজারের জুড়ী সীমান্তে অবৈধভাবে ১০ জনকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা ব্যর্থ করে দিয়েছে বর্ডার গাড বাংলাদেশ। [জাগো এফএম: ১৩]

কক্সবাজারের টেকনাফ সীমান্তসংলগ্ন মিয়ানমারের রাখাইন রাজ্যে নতুন করে সংঘাত সৃষ্টি হওয়ায় রোহিঙ্গা অনুপ্রবেশের শঙ্কা, সতর্ক অবস্থানে রয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ। [জাগো এফএম: ১৬]

কূটনীতি বিশ্লেষকদের মতে, চীনের প্রস্তাবিত কুনমিং-মিয়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডোর বাস্তবায়নে মিয়ানমারের পরিস্থিতি ও ভূরাজনৈতিক চ্যালেঞ্জ বড় বাধা হতে পারে। [বিবিসি: ০৩]

মালয়েশিয়ায় অবৈধ অভিবাসন, অননুমোদিত কর্মসংস্থান এবং সীমান্তে অবৈধ প্রবেশ ঠেকাতে দেশটির ইমিগ্রেশন বিভাগের বিশেষ অভিযানে বাংলাদেশিসহ ১৪৬ জন আটক। [জাগো এফএম: ১৭]

পাকিস্তানের বেলুচিস্তানে একটি যাত্রীবাহী বাস খাদে পড়ে অন্তত ৪০ জন নিহত। [ডয়চে ভেলে: ০৮]

# বিবিসি

## চীনের অর্থনৈতিক করিডোরে যুক্ত হতে বাংলাদেশের চ্যালেঞ্জ কোথায়

এবার চীনের কুনমিং থেকে মিয়ানমার হয়ে বাংলাদেশ পর্যন্ত একটি অর্থনৈতিক করিডোর করার প্রস্তাব সামনে এনেছে বেইজিং। কিন্তু এই প্রস্তাব কার্যকর করার ক্ষেত্রে বাংলাদেশ ও চীন, দুই দেশের জন্যই মিয়ানমার কেন্দ্রিক ও ভূ-রাজনীতির অনেক চ্যালেঞ্জ দেখছেন কূটনীতি বিশ্লেষকদের অনেকে। প্রস্তাবটি এসেছে চীনের শীর্ষ নেতার কাছ থেকে। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান গত ২২ জুন থেকে যখন তিনদিনের সফরে চীনে ছিলেন, তখন তার সঙ্গে বৈঠকে অর্থনৈতিক করিডোরের ওই প্রস্তাব দিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। যদিও বাংলাদেশ করিডোরের প্রস্তাবের ব্যাপারে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত দেয়নি। কিন্তু বাংলাদেশও চীনের সঙ্গে অর্থনীতির ব্যাপ্তি ও যোগাযোগ বাড়াতে চায়। বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বুধবার সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন, সরকার প্রস্তাবটি পর্যালোচনা করে দেখছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন আরেকটি সূত্র বিবিসিকে বলেছে, বাংলাদেশ সরকার চীনের প্রস্তাবকে ইতিবাচক হিসেবে দেখছে। তবে আলোচনায় আসছে ভূ-রাজনীতির চ্যালেঞ্জের প্রশ্ন। কূটনীতি বিশ্লেষকেরা বলছেন, মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাত, ভারতের অবস্থান সেখানে একটি বড়ো বিষয়। যুক্তরাষ্ট্রের প্রতিক্রিয়া কী হতে পারে, সেটাও বিবেচনায় রেখে বাংলাদেশকে এগোতে হবে। বাংলাদেশে তিস্তাসহ বিভিন্ন নদীর ব্যবস্থাপনা প্রকল্পেও সহায়তা করতে চেয়েছে চীন। দেশের উত্তরাঞ্চলের কৃষিখাতের স্বার্থে তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারও যে-কোনো মূল্যে তিস্তা প্রকল্প বাস্তবায়ন করতে চায়। এ ক্ষেত্রেও রয়েছে আঞ্চলিক ভূ-রাজনীতির চ্যালেঞ্জ। চীনের প্রস্তাবগুলোকে অবশ্য বাংলাদেশের অর্থনীতির স্বার্থে গুরুত্বপূর্ণ হিসেবে দেখা হচ্ছে দেশের কূটনীতি ও রাজনৈতিক অঙ্গনে। প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরে দুই দেশের পক্ষ থেকেই 'দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব ও কৌশলগত' সম্পর্ক তৈরি হওয়ার কথা বলা হয়েছে। বিশ্লেষকেরা মনে করছেন, দেশ দুটির মধ্যে রাজনৈতিক শীর্ষ পর্যায়ে একটা বোঝাপড়া হয়েছে এবং এ বিষয়টি গুরুত্বপূর্ণ। তারা বলছেন, এখন ভূ-রাজনৈতিক সমীকরণ সামলানোর বিষয়টি নির্ভর করবে বাংলাদেশের কূটনৈতিক সক্ষমতা ও দূরদর্শিতার ওপর।

### অর্থনৈতিক করিডোরের সম্ভাব্য রুট কী

চীনের ইউনান প্রদেশের রাজধানী কুনমিং থেকে শুরু হবে এই করিডোর। সেটি যাবে মিয়ানমারের মান্দালয়ে। সেখান থেকে করিডোরের একটি অংশ মিয়ানমারের ইয়াঙ্গন এবং অন্য অংশ বিস্তৃত হবে রাখাইন রাজ্যের কিয়াউকপিউ গভীর সমুদ্রবন্দর পর্যন্ত। মিয়ানমারের রাখাইন থেকে সংযোগটি সড়ক ও রেল নেটওয়ার্কের মাধ্যমে বাংলাদেশের কক্সবাজার ও চট্টগ্রামের সঙ্গে যুক্ত হবে। চীনের পক্ষ থেকে এমন সম্ভাব্য রুটের প্রস্তাব রয়েছে বলে ঢাকায় সংশ্লিষ্ট সরকারি একাধিক সূত্রে জানা গেছে। এই অঞ্চলের অর্থনৈতিক ও যোগাযোগের রুট হিসেবে চীনের করিডোর তৈরির প্রস্তাব এর আগেও বিভিন্ন সময় আলোচনায় এসেছে। 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ', চীনের এই প্রকল্প বিসিআইএম নামে পরিচিত। বাংলাদেশ-চীন-ভারত ও মিয়ানমারের মধ্যে অর্থনৈতিক করিডোরের প্রস্তাব একযুগেরও বেশি সময় আগে ২০১৩ সালে সামনে এনেছিল বেইজিং। কিন্তু ভারতের আপত্তির কারণে তখন তা এগোয়নি। পরে ভারতকে বাদ দিয়েই চীন মিয়ানমারের সঙ্গে অর্থনৈতিক করিডোর তৈরির পরিকল্পনা করে, তাতে বাংলাদেশকে যুক্ত করার বিষয়টি আসে। এখন চীন সম্ভাব্য সেই প্রস্তাব বাংলাদেশকে দিয়েছে বলে জানা গেছে।

### ভেতরের চ্যালেঞ্জ

ভেতরে-বাইরের ভূ-রাজনৈতিক চ্যালেঞ্জের কথা বলছেন কূটনীতি বিশ্লেষকরা। ভেতরের চ্যালেঞ্জ বলতে তারা বোঝাচ্ছেন মিয়ানমারের অভ্যন্তরীণ সংকটকে। মিয়ানমারের জান্তা সরকারের নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘাত চলছে 'বিদ্রোহী' আরাকান আর্মির। বাংলাদেশ সীমান্ত সংলগ্ন রাখাইনের বড়ো অংশ রয়েছে আরাকান আর্মির নিয়ন্ত্রণে। অন্যদিকে রয়েছে রোহিঙ্গা সমস্যা। মিয়ানমারে নির্যাতনের কারণে সীমান্ত দিয়ে পালিয়ে বাংলাদেশে ১২ লাখের বেশি রোহিঙ্গা আশ্রয় নিয়ে আছে বেশ কয়েক বছর ধরে। এই দুটি সংকটের সমাধান না হলে করিডোরে বাংলাদেশকে যুক্ত করা কতটা কার্যকর ও নিরাপদ হবে, সেই প্রশ্ন উঠছে। তবে সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবির মনে করেন, সংকট সামলিয়ে করিডোর কার্যকর করার ক্ষেত্রে চীনের ভূমিকাই গুরুত্বপূর্ণ। বিবিসি বাংলাকে মি. কবির বলেন, মিয়ানমারে চলমান সংকট ও রোহিঙ্গা ইস্যু থাকার পরও চীন যদি কার্যকর উদ্যোগ নেয় এবং বাংলাদেশ ইতিবাচক সাড়া দেয়, তাহলে অর্থনৈতিক করিডোর বাস্তবায়ন সম্ভব। "অর্থনৈতিক করিডোর বাংলাদেশের অর্থনীতির জন্য পরিবর্তনের বিরাট সুযোগ তৈরি করতে পারে। এর মাধ্যমে বাংলাদেশ একদিকে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতির দেশ চীনের সঙ্গে সরাসরি যুক্ত হতে পারবে। একইসঙ্গে বাংলাদেশ যুক্ত হতে পারবে দক্ষিণ-পূর্ব এশিয়ার ১০টি দেশের জোট আসিয়ানের সঙ্গে। ফলে বাংলাদেশের জন্য এক সম্ভাবনার দুয়ার খুলে যাবে," বলেন হুমায়ুন কবির। বাংলাদেশ সরকারের পক্ষ থেকেও বলা হচ্ছে, এই করিডোর কার্যকর হলে বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলগুলোয় চীনের বিনিয়োগ বেড়ে যাবে। চীনসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোয় বাংলাদেশি পণ্যের প্রবেশ সহজ হবে। পণ্য পরিবহণে সময় ও ব্যয়, দুটোই উল্লেখযোগ্যহারে কমে যাবে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের সময় তার উপদেষ্টা মাহদী আমিন সংবাদ সম্মেলন করে সেই সফরের বক্তব্য তুলে ধরেছিলেন। তিনি বলেছিলেন, "অর্থনৈতিক করিডোরের উদ্দেশ্য হবে, বাংলাদেশের অর্থনীতির ব্যাপ্তি বাড়ানো,

মাল্টিমোডাল ট্রান্সপোর্টেশনকে আরও সমৃদ্ধ করা।" সেই সফরের আলোচনা নিয়ে যে যৌথ বিবৃতি দেওয়া হয়েছে এবং চীনের প্রেসিডেন্টের বক্তব্য যা এসেছে, তাতে অর্থনৈতিক করিডোর এগিয়ে নেওয়ার প্রশ্নে জোর দেওয়া হয়েছে। বাংলাদেশ ও চীন, দুই দেশই এ ব্যাপারে আগ্রহী। তবে মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যগুলো সামলিয়ে কীভাবে তা এগিয়ে নেওয়া যাবে, সেই আলোচনা যেমন আছে, একইসঙ্গে আসছে আঞ্চলিক ও বৈশ্বিক ভূ-রাজনীতির চ্যালেঞ্জের প্রশ্ন।

**ভূ-রাজনৈতিক চ্যালেঞ্জ কতটা**

এক যুগেরও বেশি সময় আগে যখন ভারতসহ অর্থনৈতিক করিডোরের প্রস্তাব করেছিল চীন, তখন ভারতের আপত্তির কারণে সেই উদ্যোগ স্থবির হয়ে পড়েছিল। কারণ এই অঞ্চলে প্রভাব নিয়ে চীনের সঙ্গে ভারতের যে দ্বন্দ্ব এবং এর জেরে আঞ্চলিক ভূ-রাজনীতিতে তাদের যে সমীকরণ, তাতে এ ধরনের কোনো করিডোরে ভারতের প্রতিক্রিয়া ছিল বলে বিশ্লেষকেরা বলছেন। এখন ভারতকে বাদ দিয়ে মিয়ানমারের সঙ্গে অর্থনৈতিক করিডোরে বাংলাদেশকে যুক্ত করতে চাইছে চীন। কিন্তু বাংলাদেশের প্রতিবেশি দেশ ভারতের আগের অবস্থানের পরিবর্তন হতে পারে, এ নিয়ে বিশ্লেষকদের অনেকের সন্দেহ রয়েছে। তারা বলছেন, ঢাকা যদি চীনের প্রস্তাবিত করিডোরে যুক্ত হয়, এতে দক্ষিণ-পূর্বের দেশগুলোর সঙ্গে বাংলাদেশ যুক্ত হবে। এটি ভারতের জন্য চাপ তৈরি করবে এবং তাদের প্রতিক্রিয়া থাকতে পারে। তবে ভিন্ন পর্যবেক্ষণ রয়েছে সাবেক রাষ্ট্রদূত হুমায়ুন কবিরের। তিনি মনে করেন, ভারত নিজেরাই চীনের সঙ্গে সম্পর্ক উন্নয়নের চেষ্টা করছে এবং তা অনেক ক্ষেত্রে দৃশ্যমানও হচ্ছে। আঞ্চলিক চ্যালেঞ্জের বাইরে বৈশ্বিক ভূ-রাজনীতির বিষয়ও রয়েছে। বিশ্লেষকেরা বলছেন, চীনের সঙ্গে বাংলাদেশের অর্থনৈতিক করিডোর তৈরির ক্ষেত্রে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমাদের মধ্যে এক ধরনের প্রতিক্রিয়া হতে পারে। আর সেক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্প্রতি স্বাক্ষরিত বাণিজ্য চুক্তির শর্তগুলো বাংলাদেশকে বিবেচনায় রেখে এগোতে হবে।

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তির শর্তগুলোর মধ্যে যে বিষয়টি নিয়ে অনেক আলোচনা বা বিতর্ক হয়েছে, তা হলো চুক্তি অনুসারে বাংলাদেশ তৃতীয় কোনো দেশের সঙ্গে এমন কোনো চুক্তিতে যেতে পারবে না, যা যুক্তরাষ্ট্রের স্বার্থের বিরুদ্ধে যায়। বিশ্লেষকদের অনেকের ধারণা, চীন-রাশিয়াকে লক্ষ্য করে ওই শর্ত আনা হয়ে থাকতে পারে। বিশ্লেষকদের কেউ কেউ বলছেন, অর্থনৈতিক করিডোরে বাংলাদেশ যুক্ত হলে দেশটির ব্যবসা-বাণিজ্যে চীনের প্রভাব আরও বাড়তে পারে। এমন ধারণা তৈরি হতে পারে যুক্তরাষ্ট্র ও ভারতের এবং সে ধরনের ধারণা থেকে তাদের প্রতিক্রিয়া হতে পারে। তবে হুমায়ুন কবির মনে করেন, যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা পরাশক্তির রাজনৈতিক সমীকরণও সামলানো সম্ভব। সেখানে বাংলাদেশ কীভাবে ভারসাম্য রক্ষা করবে, তাও নির্ভর করবে কূটনীতি ও দূরদর্শিতার ওপর।

**তিস্তা প্রকল্পে কীভাবে সহায়তা করতে চায় চীন**

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন জানিয়েছেন, তিস্তা নদীর ব্যবস্থাপনা নিয়ে মহাপরিকল্পনার শুরু থেকে যেখানে প্রয়োজন, সেখানে কারিগরি সহায়তা দিতে চেয়েছে চীন। অর্থাৎ সমীক্ষা, প্রকল্পের ডিজাইন, বাস্তবায়ন-প্রতিটি ধাপেই যুক্ত হতে আগ্রহী চীন। অনেক বছর ধরেই তিস্তার ব্যবস্থাপনার প্রকল্পটি ঝুলে রয়েছে। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সময় চীন সমীক্ষার কিছুটা কাজও করেছিল। কিন্তু ভারতের আপত্তির কারণে আওয়ামী লীগ সরকার চীনের সঙ্গে এ নিয়ে আর এগোয়নি। অন্যদিকে, তিস্তার পানিবণ্টন প্রশ্নে ভারতের সঙ্গে চুক্তি অধরাই রয়ে গেছে। বছরের পর বছর বাংলাদেশ এই চুক্তির জন্য তাগিদ দিয়ে আসছে। এমনকি দশ বছর আগে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সময় চুক্তিটি সই হতে যাচ্ছে, এমন ধারণা তৈরি হলেও শেষ পর্যন্ত তা হয়নি। সে সময় ভারত সরকার তাদের অভ্যন্তরীণ রাজনীতি ও পশ্চিমবঙ্গ রাজ্যের তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আপত্তির কথা কারণ হিসেবে তুলে ধরেছিল। বিশ্লেষকেরা বলছেন, তিস্তা ব্যবস্থাপনা প্রকল্প বাস্তবায়ন করতে হলে ভারতের সাথে পানিবণ্টনের চুক্তি করা দরকার, সেটিও একটি প্রয়োজনীয় উপাদান। তবে এখন বিএনপি সরকারের নির্বাচনি প্রতিশ্রুতি হচ্ছে তিস্তা প্রকল্প বাস্তবায়ন। সরকার গঠনের পরও প্রধানমন্ত্রী তারেক রহমান প্রকল্পটি বাস্তবায়নে আদের সরকারের অগ্রাধিকারের কথা বলেছেন। ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলন করেছেন। সেখানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেছেন, ঢাকার অনুরোধের পরিপ্রেক্ষিতে উত্তরাঞ্চলের জীবন ও জীবিকার সঙ্গে সরাসরি যুক্ত তিস্তার বৃহদায়তন প্রকল্পে চীন এগিয়ে এসেছে। এর বাইরে অন্য কোনো বিষয় চীনের বিবেচনায় নেই।

ভারত থেকে বাংলাদেশে যে ৫৪টি নদী প্রবেশ করেছে, তার একটি তিস্তা ভারতের সোলামো লেক থেকে উৎপন্ন হওয়ার পর সিকিম ও পশ্চিমবঙ্গের উপর দিয়ে প্রবাহিত হয়ে রংপুর জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। পরে এটি কুড়িগ্রাম জেলার চিলমারির কাছে ব্রহ্মপুত্র নদের সাথে মিলিত হয়েছে। কর্মকর্তারা বলছেন, প্রকল্পটিতে তিস্তার উপকূল ব্যবস্থাপনা বিষয়ক নানা অবকাঠামো নির্মাণ ছাড়া বন্যা নিয়ন্ত্রণ এবং গ্রীষ্মকালে পানি সংকট দূর করতে বিভিন্ন ধরনের অবকাঠামো গড়ে তোলা হতে পারে। এটা করা সম্ভব হলে রংপুর, নিলফামারী, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার কৃষি উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে। রংপুর অঞ্চলের কৃষি উৎপাদন যেমন বাড়বে, তেমনি নতুন কর্মসংস্থান তৈরি হবে এবং নদীভাঙন কমবে। একইসঙ্গে নদীকেন্দ্রিক শিল্প ও পর্যটনের সম্ভাবনাও বাড়বে। তারা এ-ও উল্লেখ করেন, তিস্তার বিস্তৃতি কোনো এলাকায় পাঁচ কিলোমিটার, কোথাও দেড় কিলোমিটার বা কোথাও তিন কিলোমিটার আছে। সেক্ষেত্রে গভীরতা বাড়িয়ে চওড়া বা বিস্তৃতি কমিয়ে দেড় বা দুই কিলোমিটার করা হতে পারে। এর ফলে তিস্তার পারে থাকা শত

শত একর জমি বা ভূমি পুনরুদ্ধার হবে, যা ভূমিহীন মানুষ কিংবা শিল্পায়নের কাজে লাগানো যাবে। বিএনপি সরকার তিস্তা প্রকল্প বাস্তবায়নকে যেমন অগ্রাধিকার দিচ্ছে, চীনও জোড়ালো আগ্রহ দেখাচ্ছে এই প্রকল্পে সহায়তার জন্য।

বিশ্লেষকেরা বলছেন, এটি বাস্তবায়ন করতে হলে ভারতের প্রতিক্রিয়া এড়িয়ে বাংলাদেশকে কৌশলে এগোতে হবে। নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে বিএনপি সরকার গঠনের পর তারেক রহমানের প্রথম সফর ছিল মালয়েশিয়া। সেখান থেকেই চীনে গিয়েছিলেন তিনি। চীনে এই সফরে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ের মধ্যে অর্থনৈতিক করিডোর এবং তিস্তা প্রকল্পের বিষয়কেই স্পর্শকাতর হিসেবে দেখছেন বিশ্লেষকেরা। হুমায়ুন কবির বলছেন, এই দুটি বিষয়ের ক্ষেত্রে মূলত ত্রিমুখী প্রতিদ্বন্দ্বিতা মোকাবিলা করতে হবে- চীন বনাম যুক্তরাষ্ট্র এবং চীন বনাম ভারত। এর পাশাপাশি ভারত, পাকিস্তান, বাংলাদেশ ও মিয়ানমারের মতো আঞ্চলিক সমীকরণও রয়েছে। এই বহুমুখী প্রতিদ্বন্দ্বিতাকে বাংলাদেশ কতটা দক্ষতার সাথে সহযোগিতায় রূপান্তর করতে পারবে, তার ওপরই সম্ভাব্য এই প্রকল্পগুলোর ভবিষ্যৎ নির্ভর করবে। (বিবিসি ওয়েব পেজ : ০৩.০৭.২০২৬ নারগীস)

## বাংলাদেশের বিভিন্ন স্থানে কালেমা খচিত পতাকা মিছিল, নেপথ্যে কী?

বাংলাদেশের মাদারীপুর শহরের মডেল মসজিদ মোড়ে গত শনিবার আসরের নামাজ শেষে জড়ো হন দেড় শতাধিক মুসল্লি। সেখানে অনেকের হাতে ছিল কালেমা খচিত পতাকা। কোনোটির রঙ কালো, কোনোটি সাদা। কিছুক্ষণ পর মডেল মসজিদের সামনে থেকে শুরু হয় মোটরসাইকেল র‍্যালি। প্রতিটি মোটরসাইকেলের কোনোটিতে দুইজন, কোনোটিতে তিনজন আরোহী ছিলেন। কয়েকজনের হাতে হ্যান্ডমাইকও দেখা যায়। স্লোগান দিতে দিতে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মিছিলটি। এরপর আবারও ফিরে আসে মডেল মসজিদের সামনে। সেখানে একটি সমাপনী অনুষ্ঠানও করেন মিছিলে অংশ নেওয়া ব্যক্তিরা। মোটরসাইকেল র‍্যালি ঘণ্টাখানেক ধরে চললেও সমাপনী অনুষ্ঠান ছিল মিনিট দেড়েকের। অনেকটা তড়িঘড়ি করেই অনুষ্ঠান শেষ করে চলে যান মিছিলে অংশ নেওয়া ব্যক্তিরা। সমাপনী বক্তব্যে ফখরুদ্দিন রাজী নামে একজন ঘোষণা করেন, তারা যে পতাকা নিয়ে মিছিল করেছেন, সেটা "মুসলিমদের পতাকা।" এছাড়া মিছিলে থাকা তরিকুল ইসলাম নামে একজন নিজেকে একটি স্থানীয় মসজিদের ইমাম পরিচয় দেন। শহরে হঠাৎ এমন পতাকা মিছিলের কারণ কী প্রশ্নে তিনি সাংবাদিকদের বলেন, বাংলাদেশের সবখানে ফুটবলের জন্য পতাকা টাঙানো ও মিছিল করা হচ্ছে, সেখানে তারা মুসলমানদের "ইসলামের নিশানা কোনটি," সেটা বোঝানোর জন্য র‍্যালির আয়োজন করেছেন।

বাংলাদেশে কালেমা খচিত পতাকা নিয়ে এমন মিছিল কিংবা পতাকা টানানোর ঘটনা যে শুধু মাদারীপুরেই হয়েছে, তা নয়, বরং ঢাকাসহ বাংলাদেশের বেশ কয়েকটি জায়গায় সাম্প্রতিক দিনগুলোতে এরকম মিছিল-সমাবেশ চোখে পড়েছে। অনেক জায়গায় মিছিলে অংশগ্রহণকারীরা বিষয়টিকে 'ইসলাম ধর্মের প্রতি ভালোবাসার প্রকাশ' বলে দাবি করলেও প্রশ্ন উঠেছে পতাকার ডিজাইন ও রঙ নিয়ে। কারণ, বিশ্বব্যাপী পরিচিত জঙ্গিবাদ বা উগ্রবাদী সংগঠনগুলোর ব্যবহার করা পতাকার সঙ্গে এগুলোর মিল রয়েছে। বাংলাদেশে এর আগেও এ ধরনের পতাকা নিয়ে মিছিল বা জমায়েত দেখা গেছে। এদিকে, এসব পতাকা টানানোর সাম্প্রতিক ঘটনা অনুসন্ধান করায় ঢাকার একটি গণমাধ্যমকে হুমকি দেওয়ার অভিযোগও উঠেছে।

### ইসলামের পতাকা বলতে কিছু আছে?

বাংলাদেশে কালেমা খচিত পতাকা নিয়ে আলোচনা ছড়াতে শুরু করে গত জুন মাসের মাঝামাঝি সময়ে, ঢাকার যাত্রাবাড়ী ফ্লাইওভারে কালেমার পতাকা টানানোর ঘটনায়। ১৬ জুন মধ্যরাতে ফ্লাইওভারের বিভিন্ন অংশে এসব পতাকা টানাতে দেখা যায় একদল যুবককে। পরেরদিন কে বা কারা সেসব পতাকা সরিয়ে ফেলে। পতাকা সরিয়ে ফেলার ঘটনাকে আবার 'ইসলামের পতাকার অবমাননা' হিসেবে উল্লেখ করে নতুন করে পতাকা টানানো হয় ফ্লাইওভারটিতে। পাশাপাশি দেশের বিভিন্ন স্থানে 'ইসলামের পতাকার মর্যাদা রক্ষায়' মিছিল করেন অনেকেই। যাত্রাবাড়ীতে পতাকা টানানোর ঘটনায় নাম আসে মূলত স্থানীয় কিছু তরুণ ও মাদ্রাসার শিক্ষার্থীদের। এছাড়া বিভিন্ন ফেসবুক পেইজ থেকে পতাকা টাঙানোর আহ্বান ও বিক্রির পোস্টও ছড়িয়ে পড়ে। কিন্তু প্রশ্ন হচ্ছে, ইসলামের পতাকা বলতে কিছু কি আছে? জানতে চাইলে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ও ইসলামী গবেষক মো. আনিসুজ্জামান সিকদার বিবিসিকে বলেন, ইসলামে এভাবে নির্দিষ্ট কোনো পতাকার কথা উল্লেখ নেই। "ইসলামের নামে কোনো পতাকা যদি হতো, তাহলে তো আমরা সবাই সেটা ব্যবহার করতাম। এখানে কোনো উলামায়ে কেরামের পক্ষ থেকে কখনই দাবি করা হয় নাই যে, এটা বা ওটা ইসলামের পতাকা। রাসুলের জামানায় তিনি পতাকা ব্যবহার করতেন, তবে সেটা যুদ্ধের সময়। সেই পতাকা আবার একেক যুদ্ধে ভিন্ন ভিন্ন রঙের ছিল। ইসলামের রেওয়াতে নির্ধারিত কোনো পতাকার উল্লেখ পাওয়া যায় না," বলেন তিনি।

### হঠাৎ কালেমা খচিত পতাকা মিছিল কেন?

ইসলাম ধর্মে যেখানে কোনো পতাকার আলাদা করে উল্লেখ নেই, তাহলে বাংলাদেশের বিভিন্ন স্থানে হঠাৎ করে এগুলোকে 'ইসলামের পতাকা' দাবি করে মিছিল কেন এবং এর শুরু কীভাবে হলো, সেই প্রশ্ন তৈরি হয়েছে। এর উত্তরে দুটি বিষয় সামনে আসছে। প্রথমটি হচ্ছে, বিশ্বকাপ ফুটবল। যাকে ঘিরে সারাদেশে এবারও আর্জেন্টিনা, ব্রাজিল, জার্মানিসহ বিভিন্ন দেশের পতাকা লাগিয়েছেন ফুটবল ভক্তরা। বিশেষত, আর্জেন্টিনা ও ব্রাজিলের পতাকা দেখা যাচ্ছে

প্রায় সবখানে। আর দ্বিতীয়টি হচ্ছে, ফুটবলের এই পতাকা টাঙানোর বিরুদ্ধে ইসলামপন্থি কারো কারো অবস্থান। এক্ষেত্রে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে চট্টগ্রামভিত্তিক একটি কওমি মাদ্রাসা শিক্ষক ও হেফাজতে ইসলামের যুগ্ম মহাসিচব মুফতি হারুন ইজহারের একটি বক্তব্য। যেখানে তাকে ফুটবল বিশ্বকাপ ঘিরে বিদেশি পতাকার বিপরীতে কালেমার পতাকা টাঙানোর কথা বলতে শোনা যায়। যোগাযোগ করা হলে হারুন ইজহার ছড়িয়ে পড়া বক্তব্যটি তার বলে নিশ্চিত করেন। ভিডিওটি গত ১৩ জুন আল কুরআনের দারস নামে একটি ফেসবুক পেইজে আপলোড করা হয়। "আপনারা সব জায়গায় কালেমার পতাকা লাগায় দিবেন। এখন যদি এটা জঙ্গিবাদ হয়ে থাকে, তাহলে আর্জেন্টিনা আর ব্রাজিল- এগুলোর সব পতাকা নামাতে হবে। এগুলো যেখানে থাকবে, আমাদের কালেমার পতাকাও থাকবে," ভিডিওতে বলতে দেখা যায় মুফতি হারুন ইজহারকে। ফেসবুকে তার এই বক্তব্য ছড়িয়ে পড়ে। এর পরের দিনগুলোতেই মূলত কালেমা খচিত সাদা ও কালো রঙের পতাকা উড়ানো, মিছিল, শোভাযাত্রা এবং ফ্লাইওভার, ব্রিজ কালভার্টসহ বিভিন্ন স্থানে পতাকা লাগাতে শুরু করেন অনেকে। এসব মিছিল কারা করছেন এবং পতাকা কারা লাগাচ্ছেন- তাৎক্ষণিকভাবে সেটা স্পষ্ট হয়নি। আবার পতাকার রঙ এবং লেখার ধরন নিয়েও প্রশ্ন ওঠে।

বাংলাদেশের গুম কমিশনের সাবেক সদস্য ও মানবাধিকারকর্মী নুর খান লিটন দীর্ঘদিন নজর রেখেছেন দেশিটিতে জঙ্গিবাদ বিস্তৃতির উপর। তিনি বলেন, এখন যে-সব পতাকা টানানো হচ্ছে, সেগুলোর সঙ্গে জঙ্গি সংগঠনগুলোর ব্যবহার করা পতাকার মিল রয়েছে। "আল-কায়েদার প্রশিক্ষণ শিবিরগুলো এবং নাইজেরিয়ার বোকো হারাম, সেখানেও এই পতাকার ব্যবহার দেখবেন। আইসিসের যে কার্যক্রম সেখানেই এই পতাকার প্রদর্শন দেখবেন। আর আমাদের এখানে অতীতে হরকাতুল জিহাদ বা অন্যরা যারা ছিল, তাদেরও কিন্তু এই পতাকার ব্যবহার ছিল। এখন এটা ব্যবহার করছে হিজবুত তাহরীর," বিবিসি বাংলাকে বলেন তিনি। কিন্তু পতাকার এমন প্রদর্শনীর নেপথ্যে কী থাকতে পারে? উত্তরে নুর খান লিটন বলেন, "একটি গোষ্ঠী খুব কৌশলে এই পতাকাটাকে আসলে ব্যাপকমাত্রায় ছড়িয়ে দেওয়ার চেষ্টা করছে। আপনি পতাকাটা দেখবেন, সেখানে সাদা বা কালো কাপড়ের ভেতরে কালেমা লেখা। সুতরাং একজন মুসলিম এটাকে রেসপেক্ট করবে, এটাই স্বাভাবিক। কিন্তু এই পতাকার যে একটা সিম্বলিক (প্রতীকী) অর্থ দাঁড়িয়ে গেছে বিশ্বব্যাপী, সেটা তো আমাদের সাধারণ মানুষদের বোধগম্য নয়।"

**হারুন ইজহার কী বলছেন?**

বাংলাদেশে এর আগে বিভিন্ন সময় নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরীরের মিছিলেও কালেমা খচিত সাদা ও কালো দুই ধরনের পতাকারই প্রদর্শন দেখা গেছে। ফলে নির্দিষ্ট ডিজাইনের এই পতাকার ব্যবহার নিয়ে যে এক ধরনের সন্দেহ এবং উদ্বেগ বাংলাদেশে সেটা নতুন নয়। এর মধ্যেই আবারও সাদা ও কালো পতাকা ওড়ানো এবং মিছিলের আয়োজন নিয়ে জানতে চাইলে মুফতি হারুন ইজহার অবশ্য তার বক্তব্যের ভিন্ন ব্যাখ্যা দেন। বিবিসি বাংলাকে তিনি বলেন, এসব আয়োজনের সঙ্গে তিনি সংশ্লিষ্ট নন। "চট্টগ্রামে লালখান বাজারে আপনি আসেন, এখানে তো আমাদের মাদ্রাসা, আমাদের লোক সব। কিন্তু এখানে কোনো পতাকা দেখবেন না। আমি যদি আয়োজন করে পতাকা টানাতে বলতাম, তাহলে আমার নিজের এলাকাতেও তো থাকতো," বলেন হারুন ইজহার। তাহলে তার ছড়িয়ে পড়া ভিডিওতে কালেমার পতাকা নিয়ে বক্তব্যের ব্যাখ্যা কী? হারুন ইজহার বলছেন, এটা ফুটবল খেলাকে ঘিরে বলা হয়েছিল। "খেলাকে ঘিরে অমুসলিম দেশগুলোর পতাকা এভাবে উত্তোলন করা, বিদেশি একটা পতাকা বা সিম্বলকে দেশে এভাবে গণহারে ব্যবহার করা- এটা কোনোদিক থেকেই যায় না। আমি বলেছিলাম যে, আমাদের ভাইদের অনেকেই এটাকে সাংস্কৃতিকভাবে প্রতিরোধ করতে গিয়ে কালেমার পতাকা লাগাচ্ছেন। আপনারাও এটা করতে পারেন। কালেমার পতাকা লাগান আপনারা।" তিনি বলেন, কালেমা লেখা পতাকা নিয়ে এমন বড়ো বড়ো শোডাউন হবে, সেটা তিনি ভাবতে পারেননি। "আমি শুধু সংহতি প্রকাশ করতে চেয়েছি, যারা পতাকা টানিয়েছেন তাদের সঙ্গে। এটা স্পিরিচুয়াল এবং কালচারাল জায়গা থেকে ছিল। আমি চিন্তাও করি নাই যে, এটা এত ব্যাপক আকারে হয়ে যাবে। এরকমটা করতেও তো বলা হয়নি।" তিনি দাবি করেন, সারাদেশে এসব পতাকা নিয়ে মোটরসাইকেল র‍্যালি বা হাট-বাজারে টাঙানোর কাজ কারা করছে, ব্যক্তিগতভাবে সেটা তিনি জানেন না। "যদি সন্দেহজনক কিছু থাকে, প্রশাসন সেটা অনুসন্ধান করুক। আমরা সহযোগিতা করবো এবং করছি," বলেন মুফতি হারুন ইজহার।

**মিডিয়া অফিসে হুমকি**

ঢাকার একটি মাল্টিমিডিয়া প্রতিষ্ঠান 'ঢাকা স্ট্রিম' গত ২৩ ও ২৪ জুন কালেমা লেখা পতাকা নিয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন করে, যার শিরোনাম ছিলো 'সাদা-কালো পতাকার নেপথ্যে কারা?' সারাদেশে হঠাৎ সাদা-কালো পতাকার মিছিল বা পতাকা টানানোর আয়োজন কোথা থেকে, কীভাবে শুরু হলো- সেটাই জানার চেষ্টা করা হয় প্রতিবেদনে। "এটা নিয়ে মানুষের জানার আগ্রহ ছিল। আমরা অনুসন্ধান করে একটা রিপোর্ট করলাম। যারা পতাকা টানিয়েছে, তারা নিজেরাই তাদের ফেসবুক পেইজে লাইভ করে প্রচার করেছে। আমরা সে জায়গাগুলো অনুসন্ধান করে সেটা একটা সংবাদ আকারে প্রকাশ করেছি। এই রিপোর্ট প্রচার হওয়ার পরেরদিন থেকেই শুরু হয় হুমকি," বলেন ঢাকা স্ট্রিমের সম্পাদক ও প্রকাশক গোলাম ইফতেখার মাহমুদ। তিনি জানান, সরাসরি টেলিফোন করে এবং ফেসবুক পেইজে কমেন্ট করে হুমকি দেওয়া হচ্ছে। "অফিসের টেলিফোনে হুমকি আসা শুরু হলো। শতাধিক টেলিফোন কল আসে একদিনে। এছাড়া ফেসবুক পেইজে প্রায় ১৮ হাজার কমেন্ট ছিল। অধিকাংশই গালাগালি ও হুমকি। এরমধ্যে

অনেকগুলো আছে হত্যার হুমকি। আমাদের অফিস জ্বালিয়ে দেওয়া হবে, পুড়িয়ে দেওয়া হবে এসব হুমকি শুরু হয় এবং এখনও চলছে," মি. মাহমুদ বিবিসি বাংলাকে বলেন।

**পুলিশ কী বলছে?**

ঢাকা স্ট্রিম সম্পাদক হত্যার হুমকি নিয়ে কলাবাগান থানায় সাধারণ ডায়েরি করেছেন, যা নিয়ে তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ। কিন্তু সামগ্রিকভাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় এই পতাকা ওড়ানো নিয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অবস্থান কী? এমন প্রশ্নে পুলিশ সদর দপ্তর জানিয়েছে, পুরো বিষয়টি তারা খতিয়ে দেখছেন। পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া) এ এইচ এম শাহাদাত হোসাইন বিবিসি বাংলাকে বলেন, "কোনো পতাকা বা প্রতীক যদি নিষিদ্ধ বা উগ্রবাদি সংগঠনের সঙ্গে সংশ্লিষ্টতার প্রমাণ বহন করে কিংবা জননিরাপত্তা বা আইন-শৃঙ্খলার জন্য হুমকি সৃষ্টি করে, তাহলে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।" সরকারের দিক থেকেও এ বিষয়ে একটি অবস্থান দেখা গেছে। কালেমা খচিত পতাকা বা অন্যান্য ধর্মীয় প্রতীককে ঘিরে কোনো ধরনের বিভ্রান্তি, অবমাননা কিংবা রাজনৈতিক অপব্যবহার কাম্য নয় বলে বৃহস্পতিবার একটি অনুষ্ঠানে উল্লেখ করেছেন বাংলাদেশের ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন। এ ধরনের যে-কোনো "অপচেষ্টা সমাজে বিভ্রান্তি সৃষ্টি করে এবং জাতীয় ঐক্য বিনষ্টের কারণ হতে পারে" বলে মন্তব্য করেছেন তিনি। মন্ত্রী কালেমা খচিত পতাকার বিষয়ে জনসচেতনতা বাড়াতে আলেম-ওলামা, শিক্ষাবিদ, ধর্মপ্রাণ মানুষসহ সবাইকে সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানান।

(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৭.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### শহিদ বিপ্লবী নেতার মরদেহে বিশ্বের বিভিন্ন দেশের প্রতিনিধিদলের শ্রদ্ধা নিবেদন

ইরানের শহিদ বিপ্লবী নেতার মরদেহে শ্রদ্ধা জানাতে বিশ্বের বিভিন্ন দেশের রাজনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিনিধিদল তেহরানের ইমাম খোমেনি মোসাল্লায় উপস্থিত হয়েছে। পার্সটুডের খবরে, ইরনা বার্তা সংস্থার উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, আজ শুক্রবার (১২ তির ১৪০৫) তেহরানের ইমাম খোমেনি মোসাল্লায় শহিদ বিপ্লবী নেতা আয়াতুল্লাহ আল-উজমা সাইয়্যেদ আলী খামেনেয়ীর মরদেহে বিদেশি ব্যক্তিত্বদের শ্রদ্ধা নিবেদনের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাশিয়া, ভারত, চীন, তুরস্ক, ইরাক, বসনিয়া ও হার্জেগোভিনা, হাঙ্গেরি এবং বাংলাদেশের বিভিন্ন ধর্মীয় নেতারা, পাশাপাশি ইরাকের কাতায়েব হিজবুল্লাহ-এর সদস্যরা শহিদ নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া, ইন্দোনেশিয়া ও আফগানিস্তানের আলেম ও ধর্মীয় চিন্তাবিদ, আহমদ মাসউদ (আহমদ শাহ মাসউদের পুত্র), লেবাননের আমাল আন্দোলনের প্রতিনিধিদল, সিরিয়া, লেবানন, ইরাক, মরক্কো ও তুরস্কের প্রতিরোধ ফ্রন্টের প্রতিনিধিরা, আফগানিস্তানের ফাতেমিয়ুন ব্রিগেডের প্রতিনিধি এবং পাকিস্তানের শিয়া নেতারাও অনুষ্ঠানে অংশ নেন। স্পেন, ইকুয়েডর ও বলিভিয়ার সাংস্কৃতিক কর্মী, বুলগেরিয়ার সংসদ সদস্য ও রিপাবলিকান পার্টির প্রতিনিধিরাও শহিদ নেতার প্রতি শ্রদ্ধা জানান। ইরানের বিশিষ্ট রাজনীতিক গোলাম আলী হাদ্দাদ আদেল এবং দেশটির আরও অনেক উচ্চপদস্থ কর্মকর্তাও মরদেহে শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়া শহিদ সাইয়্যেদ হাসান নাসরুল্লাহর পরিবার, লেবাননের প্রতিরোধ আন্দোলনের কমান্ডাররা, বাংলাদেশের জামায়াতে ইসলামীর একটি প্রতিনিধিদল, ইরাকের উপজাতীয় নেতা, কুর্দিস্তান অঞ্চলের কুর্দি দলসমূহ, ইরাকি সংসদের সদস্য, লেবাননের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, লেবানন, ইরাক ও আফগানিস্তানের গণমাধ্যমকর্মী, ফিলিস্তিনি প্রতিনিধি দল, হিন্দু ধর্মীয় নেতারা, থাইল্যান্ড ও জার্মানির শিয়া প্রতিনিধিরা, রাশিয়ার আলেমদের প্রতিনিধি দল, তুরস্কের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি এবং জর্জিয়ার মুসলিম প্রশাসনের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকায়ী জানান, শহিদ নেতার বিদায় অনুষ্ঠানে প্রায় ১০০টি দেশের সরকারি প্রতিনিধি, জনপ্রতিনিধি ও বিভিন্ন গণসংগঠনের সদস্যদের পাশাপাশি ৮ জন রাষ্ট্রপ্রধান এবং ১২ জন পার্লামেন্ট স্পিকার অংশগ্রহণ করবেন। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৩.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### বিদেশি নাগরিকদের জন্য বসবাসের অনুমতিপত্রের ফি বাড়ানোর পরিকল্পনা জাপান সরকারের

জাপান সরকার বিদেশি নাগরিকদের জন্য বসবাসের অনুমতিপত্র প্রক্রিয়ার ফি বৃদ্ধির একটি খসড়া প্রকাশ করেছে। স্থায়ী বসবাসের অনুমতিপত্র পাওয়ার ফি বর্তমানের ১০ হাজার ইয়েন থেকে বাড়িয়ে ২ লক্ষ ইয়েন বা ১ হাজার ২০০ ডলারের বেশি করা হবে। অভিবাসন নিয়ন্ত্রণ আইনের সংশোধনী কার্যকর হওয়ার পর এই বিজ্ঞপ্তিটি জারি করা হয়। বর্তমানে, বসবাসের অনুমতির নবায়ন বা পরিবর্তনের জন্য সরাসরি আবেদনের ক্ষেত্রে ৬ হাজার ইয়েন এবং অনলাইনে ৫ হাজার ৫০০ ইয়েন ফি নির্ধারণ করা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী, সর্বোচ্চ তিন মাস থাকার ক্ষেত্রে সরাসরি এবং অনলাইনে উভয় ক্ষেত্রেই ফি বাড়িয়ে ১০ হাজার ইয়েন করা হবে। এক বছর থাকার জন্য কাউন্টারে ফি বাড়িয়ে ৩৩ হাজার ইয়েন এবং অনলাইনে ২৭ হাজার ইয়েন করা হবে। পাঁচ বছর বা তার বেশি সময় থাকার ক্ষেত্রে ফি কাউন্টারে ৭৫ হাজার ইয়েন এবং অনলাইনে ৬৫ হাজার ইয়েন করা হবে। সরকার শুক্রবার থেকে জনগণের কাছ থেকে এবিষয়ে মতামত আহ্বান শুরু করবে এবং ১ অক্টোবরের মধ্যে পরিকল্পনাটি বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করেছে। আইনমন্ত্রী

হিরাগুচি হিরোশি সাংবাদিকদের বলেন যে, জাপানে বিদেশি বাসিন্দাদের সংখ্যা রেকর্ড পরিমাণে বেড়েছে এবং অভিবাসন ও বসবাসের পদ্ধতির সুষ্ঠু ব্যবস্থাপনার খরচ বাড়বে বলে ধারণা করা হচ্ছে। তিনি এও বলেন যে, পর্যাপ্ত আর্থিক সম্পদ নিশ্চিত করার জন্য বিদেশি নাগরিকদেরও এই আর্থিক বোঝা কিছুটা বহন করতে বলা প্রয়োজন। (এনএইচকে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৭ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বান্দরবানের রেতলাং এলাকায় অভিযান চলছে : আইএসপিআর

বান্দরবানের দুর্গম রেতলাং এলাকা ও এর আশপাশে সন্ত্রাসীদের বিরুদ্ধে নিরাপত্তা বাহিনীর অভিযান চলছে বলে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)-এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবর অনুযায়ী, গতকাল বৃহস্পতিবার রাতে দেওয়া ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, রেতলাং এলাকায় গত ২৮ জুন থেকে নিরাপত্তা বাহিনীর একটি অভিযানিক দল কুকি-চিন ন্যাশনাল আর্মি (কেএনএ) ও ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ-মূল) একটি যৌথ গোপন আস্তানায় বিশেষ অভিযান পরিচালনা করে। নিরাপত্তা বাহিনীর উপস্থিতি টের পেয়ে সন্ত্রাসীরা আস্তানা থেকে পালিয়ে যেতে সক্ষম হয়। এ সময় উভয়পক্ষের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটে। বর্তমানে আশপাশের এলাকায় অভিযান চলমান রয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, চলমান অভিযানের নিরাপত্তার স্বার্থে এ মুহূর্তে বেশি তথ্য প্রকাশ করা সম্ভব হচ্ছে না। অভিযান সমাপ্তি সাপেক্ষে যথাসময়ে বিস্তারিত জানানো হবে। সবাইকে এ বিষয়ে বিভ্রান্তিকর ও অপপ্রচারমূলক তথ্য পরিহারের অনুরোধ জানানো হয় বিজ্ঞপ্তিতে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রনি)

### জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা বাস্তবায়ন ও মব সন্ত্রাসের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে: অধিকার কমিটি

জুলাই গণ-অভ্যুত্থানের নিপীড়ন ও বৈষম্যহীন বাংলাদেশের আকাঙ্ক্ষা বাস্তবায়ন এবং সব ধরনের মব সন্ত্রাসের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে গণতান্ত্রিক অধিকার কমিটি। জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে অধিকার সংগঠনটি বলেছে, বিচারের নামে মিথ্যা মামলা, ত্রুটিপূর্ণ বিচারপ্রক্রিয়া, আটক-বাণিজ্য প্রকৃত অপরাধীদের বিচারের পথে প্রতিবন্ধকতা তৈরি করছে। অপরাধীদের যথাযথ বিচারপ্রক্রিয়া নিশ্চিত করতে হবে। দেশে ক্রমবর্ধমান বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও রাষ্ট্রীয় হেফাজতে খুনের বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে তারা। গত ২৪ জুন খাগড়াছড়ির রামগড়ে ইউপিডিএফ কর্মী ববিন ত্রিপুরা খুন এবং মাটিরাঙ্গা, রামগড় ও গুইমারায় রাজনৈতিক ধরপাকড়েরও নিন্দা জানান অধিকার কমিটির নেতারা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রনি)

### পাকিস্তানে বাস খাদে পড়ে অন্তত ৪০ জনের মৃত্যু

বেলুচিস্তানের পাহাড়ি রাস্তা থেকে একটি বাস ছিটকে খাদে পড়ে গেলে অন্তত ৪০ জনের মৃত্যু ও ৮ জনের আহত হওয়ার খবর নিশ্চিত করেছে কর্তৃপক্ষ। প্রাথমিকভাবে পুলিশ ধারণা করছে, আজ শুক্রবার পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ বেলুচিস্তানে বাসটি অতিরিক্ত যাত্রী নিয়ে খুব দ্রুতগতিতে চলছিল। বেলুচিস্তান প্রদেশ সরকারের মুখপাত্র শহীদ রিন্ড জানান, বাসটি দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় শহর কোয়েটা থেকে রওয়ানা হয়ে বেলুচিস্তান ও খাইবার পাখতুনখোয়া প্রদেশের সীমান্তবর্তী দুর্গম পাহাড়ি এলাকা দানা সার-এ পৌঁছানোর পর নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে ছিটকে খাদে পড়ে যায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রনি)

### খামেনেই-এর শেষকৃত্যে ভারতের প্রতিনিধি হাসনাইন ও মার্গারিটা

ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনেই-এর রাষ্ট্রীয় শেষকৃত্যের অনুষ্ঠানে ভারতের প্রতিনিধি হিসাবে যাবেন বিহারের রাজ্যপাল সৈয়দ আতা হাসনাইন এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা। ইরান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানালেও তিনি যাচ্ছেন না। পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, হাসনাইন ও মার্গারিটা ভারতের প্রতিনিধিত্ব করবেন। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এই উচ্চস্তরীয় প্রতিনিধিদল শেষকৃত্যের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ভারত ও ইরানের মানুষের মধ্যে, দুই সভ্যতার মধ্যে যে সম্পর্ক রয়েছে, তার রাজনৈতিক ও আর্থিক ভিত্তি এর ফলে আরো জোরালো হবে। ইরান কংগ্রেসের তিন নেতা মল্লিকার্জুন খাড়গে, সাবেক কেন্দ্রীয় মন্ত্রী সলমন খুরশিদ ও মুখপাত্র পবন খেড়াকে আমন্ত্রণ জানিয়েছিল। কংগ্রেস জানিয়েছে, সলমন খুরশিদ দলের তরফে ইরান যাচ্ছেন এবং খামেনেই-এর শেষকৃত্য অনুষ্ঠানে থাকবেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### বিতরণ সংস্থার কর্মীদের দুর্নীতি প্রমাণিত হলে কঠোর ব্যবস্থা

জুন মাসে অতিরিক্ত বিদ্যুৎ বিল পাওয়ার অভিযোগের ঘটনায় কোনো বিদ্যুৎ বিতরণ সংস্থার কর্মকর্তা বা কর্মচারীর দুর্নীতি বা অসদুপায় অবলম্বনের অভিযোগ তদন্তে প্রমাণিত হলে তাদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছে বিদ্যুৎ বিভাগ। গ্রাহকদের অতিরিক্ত বিলের অভিযোগ দ্রুত নিষ্পত্তি এবং লোডশেডিং পরিস্থিতি পর্যালোচনায় বৃহস্পতিবার (২ জুলাই) বিদ্যুৎ বিভাগের মতবিনিময় ও পর্যালোচনা সভায় এ কথা বলেন বিদ্যুৎ বিভাগের সচিব মিরানা মাহরুখ। বিদ্যুৎ বিভাগের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিদ্যুৎ বিভাগের সচিবের

সভাপতিত্বে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিভাগীয় কমিশনার, সারাদেশের জেলা প্রশাসক (ডিসি) এবং বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানির কর্মকর্তারা অংশ নেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির ৬ কর্মকর্তাকে বদলি

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত ও সহকারী পুলিশ কমিশনার পদমর্যাদার ছয় কর্মকর্তাকে বদলি করা হয়েছে। বৃহস্পতিবার (২ জুলাই) ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক অফিস আদেশে এ বদলি করা হয়। কর্মকর্তাদের মধ্যে মতিঝিল বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার এস এম মিজানুর রহমানকে ডিএমপির আইসিটি বিভাগে, গুলশান বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. আল আমিন হোসাইনকে গোয়েন্দা রমনা জোনে, লালবাগ বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার আবু সাঈদকে মোহাম্মদপুর জোনে, মিরপুর বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার এস এ এম ফজল-ই-খুদাকে গোয়েন্দা পল্লবী জোনে, অর্থ বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. সাজ্জাদ হোসেনকে কাউন্টার টেরোরিজম ইনভেস্টিগেশনে এবং ট্রাফিক সবুজবাগ জোনের সহকারী পুলিশ কমিশনার জান্নাতুল ফেরদৌসকে এইচআরডি বিভাগের ট্রেনিং-এ বদলি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## ডার্ক ওয়েব-ক্রিপ্টোতে বাড়ছে মাদক কারবার, ঠেকাতে আসছে ‘সাইবার ফরেনসিক’

ঢাকার একটি ল্যাবে অবৈধভাবে ‘কিটামিন’ তৈরির অভিযোগে গত ২৫ মার্চ গ্রেফতার হন চীনের তিন নাগরিক। চক্রটি ডার্ক ওয়েব ব্যবহার করে বিশ্বের বিভিন্ন দেশ থেকে মাদকের অর্ডার নেওয়া এবং একই মাধ্যমে বড়ো পরিসরে মাদক সংগ্রহ করতো। এছাড়াও তারা কিটামিন প্রক্রিয়াজাত করে সাউন্ড স্পিকারসহ বিভিন্ন ইলেকট্রনিক যন্ত্রের ভেতরে লুকিয়ে আন্তর্জাতিক কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিভিন্ন দেশে পাচার করতো। ২০২১ সাল থেকে এ পর্যন্ত কিটামিন (চেতনানাশক ঔষধ), এলএসডি (লাইসার্জিক অ্যাসিড ডায়েথিলামাইড) ও ডিওবির (ডাইমেথক্সিব্রোমো অ্যাম্ফেটামিন) অন্তত তিনটি বড়ো চালান জব্দ করা হয়। ২০২২ সালের জুলাইয়ে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে এলএসডিসহ এক যুবক গ্রেফতার হন। তদন্তে জানা যায়, ওই যুবক ডার্ক ওয়েবে অর্ডার দিয়ে বিদেশ থেকে মাদক আনতেন এবং ক্রিপ্টোকারেন্সিতে মূল্য পরিশোধ করতেন। এরও আগে, ২০২১ সালে খুলনায় ডিওবি ও এলএসডির চালানসহ দুই যুবককে আটক করা হয়। পরে তদন্তে উঠে আসে, পোল্যান্ড থেকে ডার্ক ওয়েবের মাধ্যমে মাদক আনা হয়েছিল এবং অর্থ পরিশোধ করা হয়েছিল বিটকয়েনের মাধ্যমে। দেশে মাদক পাচার ও বিক্রির ধরন দ্রুত বদলাচ্ছে। প্রচলিত সীমান্তপথ বা সরাসরি লেনদেনের পরিবর্তে অপরাধচক্র এখন ডার্ক ওয়েব, ক্রিপ্টোকারেন্সি এবং এনক্রিপ্টেড ডিজিটাল যোগাযোগমাধ্যম ব্যবহার করে তাদের নেটওয়ার্ক পরিচালনা করছে। এ বাস্তবতায় অনলাইনভিত্তিক মাদক কারবার দমনে প্রযুক্তিনির্ভর নজরদারি জোরদারের উদ্যোগ নেওয়া হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাগুলোর তথ্য বলছে, আন্তর্জাতিক মাদক চক্র পরিচয় গোপন রাখতে ডার্ক ওয়েব ব্যবহার বেড়েছে। অর্থ লেনদেনে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন ধরনের ক্রিপ্টোকারেন্সি। ফলে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার বাইরে থেকে অর্থের উৎস ও গন্তব্য শনাক্ত করা কঠিন হয়ে পড়ছে। অনলাইনভিত্তিক মাদক কারবার বেশ বেড়েছে। এ ধরনের কারবারি শনাক্ত করতে সংশ্লিষ্ট সংস্থাগুলোর কারিগরি সক্ষমতার অভাব রয়েছে। সেক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষার জন্য ফরেনসিক ল্যাব স্থাপন ভালো উদ্যোগ। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## চেক রিপাবলিক ও স্লোভাকিয়া সফর শেষে দেশে ফিরলেন সেনাপ্রধান

চেক রিপাবলিক ও স্লোভাকিয়া সফর শেষে দেশে ফিরেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। শুক্রবার (৩ জুলাই) তিনি দেশে ফেরেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আইএসপিআর জানায়, সফরকালে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সম্পর্ক ও সহযোগিতা জোরদারের লক্ষ্যে সেনাপ্রধান উভয় দেশের প্রতিরক্ষা ও সামরিক খাতের শীর্ষস্থানীয় ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ ও মতবিনিময় করেন। এছাড়াও, তিনি বিভিন্ন সামরিক প্রতিষ্ঠান ও প্রতিরক্ষা শিল্প-স্থাপনা পরিদর্শন করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## গণতন্ত্রের সফলতা অনেকটাই নির্ভর করে স্বাধীন-দায়িত্বশীল গণমাধ্যমের ওপর : মির্জা ফখরুল

সাংবাদিকদের বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদ পরিবেশনের আহ্বান জানিয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সাদাকে সাদা এবং কালোকে কালো বলবেন। যে দেশের গণমাধ্যম যত শক্তিশালী, সে দেশের গণতন্ত্রও তত শক্তিশালী। গণতন্ত্রের সফলতা অনেকাংশেই নির্ভর করে স্বাধীন ও দায়িত্বশীল গণমাধ্যমের ওপর। শুক্রবার (৩ জুলাই) দুপুরে ঠাকুরগাঁও প্রেস ক্লাবের আনিসুল হক মিলনায়তনে ঠাকুরগাঁও প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, রাজনীতিবিদরা সমালোচনার ঊর্ধ্বে নন। জনগণের প্রত্যাশা পূরণে কাজ করতে গিয়ে ভুল হতে পারে, আর সেই ভুল তুলে ধরা এবং জবাবদিহিতা নিশ্চিত করাই গণমাধ্যমের দায়িত্ব। তিনি বলেন, অনেক সময় সত্য সংবাদ প্রকাশ করায় সাংবাদিকরা হামলা-হয়রানির শিকার হন, যা অত্যন্ত উদ্বেগজনক। সরকারের নির্বাচনি

প্রতিশ্রুতির প্রসঙ্গ তুলে মির্জা ফখরুল বলেন, ঠাকুরগাঁওয়ে দুটি নতুন উপজেলা অনুমোদন দেওয়া হয়েছে এবং এ-সংক্রান্ত কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। তবে শুধু অবকাঠামো নির্মাণ করলেই হবে না, দক্ষ ও সৎ নেতৃত্ব গড়ে তোলার পাশাপাশি নতুন উপজেলা পরিচালনায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, ব্যক্তি নয়- কাজকে মূল্যায়ন করতে হবে। যারা ভালো কাজ করবেন, তাদের সাফল্য যেমন তুলে ধরতে হবে, তেমনি অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধেও নির্ভয়ে সংবাদ প্রকাশ করতে হবে। অনুষ্ঠানের শেষে ঠাকুরগাঁও প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটিকে শুভেচ্ছা জানিয়ে তিনি আশা প্রকাশ করেন, বস্তুনিষ্ঠ সাংবাদিকতার মাধ্যমে তারা গণমানুষের আস্থা আরও সুদৃঢ় করবেন এবং প্রেস ক্লাবকে নতুন উচ্চতায় নিয়ে যাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## গাজীপুরে ট্রাকচাপায় মোটরসাইকেল আরোহী দুই বন্ধু নিহত

গাজীপুরের শ্রীপুরে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী দুই বন্ধু নিহত হয়েছেন। বৃহস্পতিবার (৩ জুলাই) দিনগত রাত ২টার দিকে উপজেলার জৈনাবাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত শরিয়তপুরের জাজিরার সারেংকান্দি গ্রামের হাসিন সিকদারের ছেলে মো. সোলেমান সিকদার (২২) ও কেরানীগঞ্জের দক্ষিণ মান্দাইল এলাকার গিয়ার উদ্দিনের ছেলে কাওসার হোসেন (২৮)। পুলিশ ও নিহতের স্বজনদের সঙ্গে কথা বলে জানা গেছে, চার বন্ধু সাজ্জাদ, আরিফ, সোলেমান সিকদার ও কাওসার দুইটি মোটরসাইকেলযোগে ঢাকার কেরানীগঞ্জ থেকে ময়মনসিংহের ত্রিশালের উদ্দেশ্যে রওয়ানা দেন। তারা মোটরসাইকেলযোগে গাজীপুরের শ্রীপুরের জৈনাবাজার এলাকায় পৌঁছলে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক কাওসার ও সোলেমানের বহনকারী মোটরসাইকেলটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই দুই বন্ধু কাওসার ও সোলেমান মারা যান। মাওনা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান জানান, ঘটনাস্থল থেকে মরদেহ দুটি উদ্ধার করা হয়েছে। ঘাতক ট্রাক ও দুর্ঘটনাকবলিত মোটরসাইকেল উদ্ধার করে থানায় আনা হলেও চালক পালিয়ে গেছে। এ বিষয়ে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।
(জগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## সরকারদলীয় এমপিরা যে উন্নয়ন বরাদ্দ পাচ্ছেন, বিরোধীদল তা পাচ্ছেন না : ডা. শফিকুর রহমান

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, "কোনো কোনো এলাকায় দেখা যাচ্ছে, সরকারি দলের সংসদ সদস্যরা যে পরিমাণ উন্নয়ন বরাদ্দ পাচ্ছেন, বিরোধীদলীয় এমপিরা তা পাচ্ছেন না। এটি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। অতীতে এমন বৈষম্য হয়েছে, কিন্তু এখন আর তা মেনে নেওয়া হবে না। প্রয়োজন হলে বাঘের গর্জন করা হবে।" শুক্রবার (৩ জুলাই) সকাল সাড়ে দশটার দিকে নেত্রকোণা সার্কিট হাউজে এক মতবিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। তিনি বলেন, নেত্রকোণার মতো সম্ভাবনাময় জেলায় যে পরিমাণ উন্নয়ন হওয়ার কথা ছিল, তা হয়নি। এখানে সাদামাটির পাহাড় রয়েছে, সিলিকা বালুর মতো মূল্যবান সম্পদ রয়েছে। কিন্তু শিল্প-কারখানার তেমন কোনো বিকাশ হয়নি। সরকার যেমন উদ্যোগ নিতে পারে, তেমনি স্থানীয় ও বাইরের উদ্যোক্তারাও এখানে বিনিয়োগ করতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## 'সলেমান সোলার সেচপাম্প' সরকারিভাবে ছড়িয়ে দেওয়া হবে : মির্জা ফখরুল

দেশীয় উদ্ভাবনকে কৃষির উন্নয়নে কাজে লাগাতে 'সলেমান সোলার সেচপাম্প' সরকারি উদ্যোগে দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার ঘোষণা দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (৩ জুলাই) সকালে ঠাকুরগাঁও সদর উপজেলার রায়পুর ইউনিয়নের মোলানী বাজারে এ সৌরশক্তিচালিত সেচপাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। এসময় মন্ত্রী বলেন, দেশীয় প্রযুক্তিনির্ভর এ উদ্ভাবন দেশের কৃষিতে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে। কৃষকদের সেচ ব্যয় কমানো এবং পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা গড়ে তুলতে সৌরশক্তিচালিত প্রযুক্তির ব্যবহার বাড়ানো সময়ের দাবি। তিনি বলেন, সলেমান আমাদের দেশের গর্ব। সরকারের পক্ষ থেকে তার উদ্ভাবিত সোলার সেচপাম্প দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি এ উদ্ভাবনকে আরও এগিয়ে নিতে প্রয়োজনীয় সহযোগিতাও করা হবে। মির্জা ফখরুল বলেন, বর্তমান সরকার কৃষিকে আধুনিক, টেকসই ও প্রযুক্তিনির্ভর করতে কাজ করছে। নতুন নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা হলে দেশের কৃষি খাত আরও সমৃদ্ধ হবে এবং কৃষকরা সরাসরি উপকৃত হবেন। অনুষ্ঠানে উদ্বোধনের আগে মন্ত্রী সোলার সেচপাম্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং উদ্ভাবক মো. সলেমান আলীর সঙ্গে মতবিনিময় করেন। উদ্ভাবক মো. সলেমান আলী বলেন, বিদ্যুৎ ও ডিজেলের বিকল্প হিসেবে সৌরশক্তি ব্যবহার করে স্বল্প খরচে কৃষকদের সেচ সুবিধা নিশ্চিত করাই তার মূল লক্ষ্য। সরকারি সহযোগিতা পেলে এ প্রযুক্তি দেশের বিভিন্ন অঞ্চলে আরও বিস্তৃত করা সম্ভব হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে জেলা প্রশাসক মোহাম্মদ রফিকুল হক, পুলিশ সুপার বেলাল হোসেন, এলজিইডির নির্বাহী প্রকৌশলী মামুন বিশ্বাস, স্থানীয় জনপ্রতিনিধি, কৃষক, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## ভারতে পাচারকালে ১০ সোনার বারসহ একজন আটক

জয়পুরহাটের পাঁচবিবির হাটখোলা সীমান্ত দিয়ে ভারতে পাচারকালে ১০টি স্বর্ণের বারসহ এক পাচারকারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। শুক্রবার (৩ জুলাই) সকাল সাড়ে ৯টায় পাঁচবিবি উপজেলার হাটখোলা সীমান্তের সালুয়া বিল এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক মামুনুর রশিদ (৩৫) জেলার পাঁচবিবি উপজেলার রতনপুর গ্রামের জামাল হোসেনের ছেলে বলে জানা গেছে। বিজিবি সূত্র জানায়, ভারতে স্বর্ণ পাচার হচ্ছে- এমন সংবাদের ভিত্তিতে উপজেলার হাটখোলা বিওপির কমান্ডার নায়েব সুবেদার আনিছুর রহমানের নেতৃত্বে বিজিবির একটি দল সালুয়া বিল এলাকায় অভিযান চালায়। এ সময় সন্দেহভাজন হিসেবে মামুনুর রশিদকে আটক করা হয়। পরে তার শরীর তল্লাশি করে ১০টি স্বর্ণের বার জব্দ করা হয়। জয়পুরহাট ব্যাটালিয়নের (২০ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ লতিফুল বারী বলেন, "উদ্ধারকৃত স্বর্ণের বারগুলো ও আটক আসামির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।" (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## সাঈদীর সাফাই সাক্ষী সুখরঞ্জন বালীকে অপহরণকারীদের একজন গ্রেফতার

মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদীর পক্ষে সাফাই সাক্ষ্য দিতে এসে ২০১২ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণ থেকে পিরোজপুরের সুখরঞ্জন বালীর অপহরণের ঘটনায় জড়িতদের একজনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার আসামির নাম মোকলেসুর রহমান। তিনি একজন সহকারী পুলিশ সুপার (এএসপি)। বৃহস্পতিবার (২ জুলাই) রাতে ডিবি পুলিশ তাকে গ্রেফতার করে। শুক্রবার (৩ জুলাই) ট্রাইব্যুনালের সিনিয়র প্রসিকিউটর মিজানুল ইসলাম এ তথ্য জানান। প্রসিকিউটর মিজানুল ইসলাম বলেন, এএসপি মোকলেসুর রহমানকে কোথা থেকে গ্রেফতার করা হয়েছে, তা এখন প্রকাশ করা হচ্ছে না। প্রয়াত জামায়াত নেতা মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদীর পক্ষে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাক্ষ্য দিতে গিয়ে নিখোঁজ হন সুখরঞ্জন বালী। পরে তাকে ভারতের একটি কারাগারে পাঁচ বছর কাটাতে হয়। এ ঘটনায় ২০২৫ সালের ২২ আগস্ট মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা, সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার (এস কে) সিনহাসহ ৩২ জনকে আসামি করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ দাখিল করেন সুখরঞ্জন বালী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## খায়রুল হককে নতুন করে গ্রেফতার দেখানোর আবেদন, শুনানি ৬ জুলাই

২০২৪ সালের জুলাইয়ের ছাত্র-জনতার অভ্যুত্থানকে কেন্দ্র করে দায়ের হওয়া হত্যাচেষ্টার একটি মামলায় সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হককে নতুন করে গ্রেফতার দেখানোর আবেদন করেছে পুলিশ। আবেদনটি শুনানির জন্য আগামী ৬ জুলাই দিন নির্ধারণ করেছেন আদালত। শুক্রবার (৩ জুলাই) সকালে ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশনের উপ-পরিদর্শক মোক্তার হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, গতকাল বৃহস্পতিবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সেফাতুল্লাহর আদালতে বনানী থানার মামলার তদন্ত কর্মকর্তা উপ-পরিদর্শক (এসআই) সাইফুল ইসলাম এ আবেদন করেন। মামলার নথি অনুযায়ী, ২০২৪ সালের ৪ আগস্ট রাজধানীর মহাখালীর সেতু ভবনের সামনে আন্দোলনরত ছাত্র-জনতার একটি মিছিল শাহবাগের দিকে অগ্রসর হওয়ার সময় তাদের ওপর হামলা, গুলিবর্ষণ ও হাতবোমা নিক্ষেপের ঘটনা ঘটে। এতে উজ্জ্বল মিয়াসহ ২৫ থেকে ৩০ জন আহত হন। এ ঘটনায় উজ্জ্বল মিয়া গত বছরের ২৫ নভেম্বর বনানী থানায় বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন। তদন্ত কর্মকর্তার আবেদনে উল্লেখ করা হয়েছে, তদন্তে সংগৃহীত তথ্য-প্রমাণে ওই ঘটনার সঙ্গে এ বি এম খায়রুল হকের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। সেই ভিত্তিতেই তাকে মামলায় গ্রেফতার দেখানোর আবেদন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হাজতির ঢামেকে মৃত্যু

ঢাকার কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে পড়া এক হাজতি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। মারা যাওয়া হাজতির নাম মো. সজিব (২৮)। তার বাবার নাম মো. সুলতান মিয়া। কারাগার ও হাসপাতাল সূত্রে জানা গেছে, সজিব বৃহস্পতিবার (২ জুলাই) দিবাগত রাত ১টার দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসা হয়। সেখান থেকে নতুন ভবনের মেডিসিন বিভাগের ৬০১ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় রাত ৩টার দিকে তার মৃত্যু হয়। সুজন নামের এক কারারক্ষী বলেন, "সজিব কেন্দ্রীয় কারাগারে হাজতি হিসেবে ছিলেন। তার হাজতি নম্বর ২০১৩৬/২৬। তবে কী মামলায় সে কারাবন্দি ছিল এ বিষয়ে বলতে পারবো না।" ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ফারুক জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য জরুরি বিভাগের মর্গে রাখা আছে। বিষয়টি কারা কর্তৃপক্ষকে জানানো হয়েছে। একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে সুরতহাল শেষে ময়নাতদন্ত সম্পন্ন হবে। পরে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে দুই এইচএসসি পরীক্ষার্থী পরীক্ষা দেবেন শনিবার রাতে

খ্রিষ্টান ধর্মের সেভেন্থ ডে অ্যাডভেন্টিস্ট সম্প্রদায়ের দুই শিক্ষার্থী শনিবার (৪ জুলাই) রাতে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে চলমান এইচএসসি পরীক্ষায় অংশ নেবেন। ধর্মীয় বিধান অনুসরণ করে বিশেষ ব্যবস্থায় তারা পরীক্ষা দেওয়ার সুযোগ পাচ্ছেন। একই ব্যবস্থায় সারাদেশে মোট ১৬০ জন পরীক্ষার্থী পরীক্ষা দেবেন। বৃহস্পতিবার (২ জুলাই) শুরু

হওয়া এইচএসসি পরীক্ষা চলবে ৮ আগস্ট পর্যন্ত। এ সময়ে ছয়টি শনিবার পরীক্ষা রয়েছে। এর মধ্যে ৪ জুলাই বাংলা (আবশ্যিক) দ্বিতীয়পত্র, ১১ জুলাই তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আবশ্যিক), ১৮ জুলাই ভুগোল (তত্ত্বীয়) দ্বিতীয়পত্র, ২৫ জুলাই অর্থনীতি দ্বিতীয়পত্র এবং ১ ও ৮ আগস্ট বিভিন্ন বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ধর্মীয় বিধান অনুসরণ করে পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় সব প্রস্তুতি নেওয়া হয়েছে। সকালে অন্য পরীক্ষার্থীদের সঙ্গে কেন্দ্রে প্রবেশের পর তারা পৃথক কক্ষে অবস্থান করবেন। সূর্যাস্তের পর তাদের পরীক্ষা নেওয়া হবে। চট্টগ্রাম শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, শনিবার নির্ধারিত সময় সকাল সাড়ে ৯টায় পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হলেও, ধর্মীয় কারণে দিনের বেলায় পরীক্ষায় অংশ নেবেন না ওই দুই শিক্ষার্থী। তারা সূর্যাস্ত পর্যন্ত কেন্দ্রের একটি নির্ধারিত কক্ষে অবস্থান করবেন। এরপর সন্ধ্যায় উত্তরপত্রে লেখা শুরু করবেন এবং রাত ১০টায় পরীক্ষা শেষ করবেন। দুই পরীক্ষার্থীর একজন নগরের হালিশহর ক্যামব্রিয়ান কলেজের শিক্ষার্থী এঞ্জেলি সুয়ারি ত্রিপুরা। অন্যজন বান্দরবান জেলার একটি কেন্দ্র থেকে পরীক্ষায় অংশ নেবেন। শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী, পরীক্ষার্থীদের সকাল সাড়ে ৯টার মধ্যে কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত কক্ষে অবস্থান করতে হবে। প্রবেশপত্র ছাড়া তাদের কাছে অন্য কোনো সামগ্রী রাখা যাবে না। তারা কক্ষের বাইরে যেতে বা কারও সঙ্গে যোগাযোগ করতে পারবেন না। সার্বক্ষণিক একজন পরিদর্শক দায়িত্বে থাকবেন। তবে সঙ্গে শুকনো খাবার নেওয়ার অনুমতি থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪২৪

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) বিভিন্ন থানা এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে গত ২৪ ঘণ্টায় ৪২৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সময়ে ৬৮টি মামলা দায়ের করা হয়েছে বলেও জানানো হয়। শুক্রবার (৩ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, গত ২৪ ঘণ্টায় রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে ডিএমপির বিভিন্ন অপরাধ ও গোয়েন্দা বিভাগ অস্ত্র ও মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করে। গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগে ৪১ জন, লালবাগ বিভাগে ২৬ জন, ওয়ায়ী বিভাগে ৫২ জন, মতিঝিল বিভাগে ৪৮ জন, তেজগাঁও বিভাগে ৫৫ জন, মিরপুর বিভাগে ৯৭ জন, গুলশান বিভাগে ৩৯ জন, উত্তরা বিভাগে ৬৩ জন এবং গোয়েন্দারা ৩ জন গ্রেফতার করেন। এসময় তাদের কাছ থেকে ৪৮ কেজি ১০০ গ্রাম গাঁজা, ৫ হাজার ২১৮ পিস ইয়াবা, ১৫ পুরিয়া হেরোইন, ৪ বোতল ফেনসিডিল, একটি চাপাতি, একটি চাকু, একটি রশি, ২টি প্যাথেডিন ইনজেকশন, ২৪টি মোবাইল ফোন, ২ জন ভিকটিম, মাদকদ্রব্য সেবনের সরঞ্জামাদি, বিভিন্ন প্রজাতির এক হাজার ১০৪টি প্রাণী, ৭৫ কেজি লেবু ও একটি মেমো উদ্ধার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## যাত্রাবাড়ীতে বিশেষ অভিযানে গ্রেফতার ২৭

রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৭ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার (৩ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, গতকাল বৃহস্পতিবার (২ জুলাই) রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৭ জনকে গ্রেফতার করেছে যাত্রাবাড়ী থানা পুলিশ। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে পাঁচজনকে নিয়মিত মামলায়, চারজনকে পুরাতন মামলায়, আটজনকে পরোয়ানা মূলে এবং ১০ জনকে ডিএমপি অধ্যাদেশ মোতাবেক গ্রেফতার করা হয়। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে জানিয়ে তিনি বলেন, গ্রেফতার ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## কক্সবাজার থেকে পেটের ভেতরে করে ইয়াবা এনে ঢাকায় বিক্রি করতেন তারা

রাজধানীর শাহবাগে দুই মাদক কারবারিকে আটক করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। অভিযুক্ত দু-জন হলেন মো. হাসান (৪০) ও এখলাস মিয়া (৬৫)। তারা বিশেষ কায়দায় পেটের ভেতরে করে এক হাজার ৩২০টি ইয়াবা বহন করছিলেন। শুক্রবার (৩ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি বলেন, সিটিটিসির স্পেশাল অ্যাকশন গ্রুপ বিভাগ ঢাকা মহানগর এলাকায় বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে কতিপয় মাদক কারবারি বিশেষ কায়দায় পাকস্থলিতে ইয়াবা বহন করে শাহবাগের দোয়েল চত্বর এলাকায় অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার (২ জুলাই) সন্ধ্যায় সেখানে অভিযান পরিচালনা করে দু-জনকে আটক করা হয়। পরে তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে পেটের ভেতর থেকে ইয়াবা উদ্ধার করা হয়। অভিযুক্তদের প্রাথমিক জিজ্ঞাসাবাদের বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, তারা সীমান্তবর্তী জেলা কক্সবাজার থেকে ইয়াবা কিনে বিশেষ কায়দায় পেটের ভেতরে বহন করে ঢাকায় নিয়ে আসতেন।

এরপর মলত্যাগের মাধ্যমে অপসারণ করে বিভিন্ন মাদক কারবারির কাছে বিক্রি করতেন। দু-জনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## তীব্র ঔষধ সংকটে ধুঁকছে কমিউনিটি ক্লিনিক

আগে উপজেলার অধীন কমিউনিটি ক্লিনিকগুলোর জন্য প্রতি মাসে ঔষধ আসতো তিন কার্টন। এখন আসে মাত্র এক কার্টন। এতে ঔষধ সংকটে ভুগছে কমিউনিটি ক্লিনিকগুলো। ফলে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছেন রোগীরা। এমনই চিত্র মৌলভীবাজারের কমিউনিটি ক্লিনিকগুলোতে। সংশ্লিষ্ট সূত্র জানায়, গ্রামের সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ১৯৯৮ সালে চালু করা হয় কমিউনিটি ক্লিনিক। তারই ধারাবাহিকতায় প্রতি ছয় হাজার মানুষের জন্য একটি কমিউনিটি ক্লিনিক গড়ে তোলার কাজ শুরু হয়। ২০০৯ সালের পর থেকে কমিউনিটি ক্লিনিকের ব্যাপক বিস্তার দেশে ঘটলেও এখন নানা সমস্যায় জর্জরিত। মৌলভীবাজারের কমিউনিটি ক্লিনিকগুলোতে তীব্র ঔষধ সংকটের পাশাপাশি রয়েছে জনবল সংকট। নামমাত্র ক্লিনিক খোলা থাকলেও, প্রয়োজনীয় ঔষধ না পেয়ে খালি হাতে ফিরতে হচ্ছে রোগীদের। খোঁজ নিয়ে জানা যায়, মৌলভীবাজারের সাতটি উপজেলায় ১৮৬টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। এসব ক্লিনিক থেকে সেবাপ্রত্যাশী ১১ লাখ মানুষ। তবে রোগীদের ভাষ্যমতে, ক্লিনিকগুলোতে ২২ ধরনের ঔষধ থাকার কথা। তবে এসব স্বাস্থ্যসেবা কেন্দ্রে ঔষধ নেই বললেই চলে। হাতে গোনা কয়েকটি ক্লিনিকে সীমিত পরিসরে কয়েকটি ঔষধ পাওয়া গেলেও, বেশিরভাগ ক্লিনিকে কার্যত ঔষধশূন্য অবস্থায় রয়েছে। প্রতিদিনই এসব ক্লিনিকে বিভিন্ন ধরনের রোগী এলেও তাদেরকে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয় না। প্যারাসিটামল, মেট্রিল আর স্যালাইন ছাড়া তেমন কোনো ঔষধ পান না রোগীরা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## সরকার এলপিজির দাম কমিয়েছে, ধাপে ধাপে জ্বালানির দামও কমবে

বৈশ্বিক পরিস্থিতি সমন্বয় করে সরকার এলপিজি সিলিন্ডারের তাৎক্ষণিক দাম কমিয়েছে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি বলেছেন, যখনই সুযোগ হবে, তখনই ধাপে ধাপে জ্বালানির দাম কমিয়ে আনা হবে। শুক্রবার (৩ জুলাই) দুপুরে যশোর সার্কিট হাউজে জেলার পল্লী বিদ্যুৎ সমিতি ও বাপবিবোর কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন। প্রতিমন্ত্রী বলেন, এলপিজি গ্যাসের ৯৮ ভাগই আমদানি করতে হয়, যা পুরোপুরি বেসরকারি খাতনির্ভর। মধ্যপ্রাচ্য সংকটের কারণে জ্বালানির দাম বৃদ্ধি পেয়েছে। এতে আমাদের মা-বোনদের সংসার চালাতে কষ্ট করতে হয়েছে। তবে যখনই বৈশ্বিক পরিস্থিতি পরিবর্তন হচ্ছে, তখনই আমরা দাম কমিয়ে সমন্বয় করেছি। আশা করি, রাতারাতি বড়ো মূল্য সমন্বয় হয়েছে। যখনই সুযোগ হবে, তখনই ধাপে ধাপে জ্বালানির দাম কমিয়ে স্বস্তিতে আনা হবে। ভুতুড়ে বিদ্যুৎ বিল ও লোডশেডিং প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, এ তপ্ত গ্রীষ্মে বিদ্যুতের সার্ভিস নিশ্চিত করার জন্য বিদ্যুৎ বিভাগ কাজ করছে। কয়েক জায়গায় বিদ্যুৎ বিল নিয়ে নানা অভিযোগ উঠেছে, আমরা প্রতিটি বিদ্যুৎ অফিসে অভিযোগ সেন্টার করেছি। সেখানে যোগাযোগ করে সমাধান করার নির্দেশনা দিয়েছি। জনগণকে সেবা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের আরও আন্তরিক হওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## ১০ জনকে ঠেলে পাঠানোর বিএসএফের চেষ্টা ব্যর্থ করে দিল বিজিবি

মৌলভীবাজারের জুড়ীর কচুরগুল সীমান্ত দিয়ে অবৈধভাবে ১০ জনকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা ব্যর্থ করে দিয়েছে বর্ডার গাড বাংলাদেশ (বিজিবি)। শুক্রবার (৩ জুলাই) ভোরে জুড়ী উপজেলার কচুরগুল সীমান্তে এ ঘটনা ঘটে। বিজিবি সূত্র জানায়, শুক্রবার ভোরে জুড়ী উপজেলার কচুরগুল সীমান্তে বিএসএফ ১০ জনকে 'পুশ-ইনের' চেষ্টা করে। এসময় বিজিবি স্থানীয়দের সহায়তায় ওই ১০ জনকে আটক করে অন্য সীমান্ত দিয়ে আবার ভারত পাঠিয়ে দেয়। এদের মধ্যে দু-জন পুরুষ, সাতজন নারী ও একটি শিশু ছিল। ৫২ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আতাউর রহমান বলেন, "ভোরে ১০ জনকে বিএসএফ 'পুশ-ইনের' চেষ্টা করেছিল। তবে বিজিবির শক্ত অবস্থানে তা সম্ভব হয়নি। আটক করে তাদেরকে আবার অন্য সীমান্ত দিয়ে ভারত পাঠানো হয়েছে।" তিনি আরও বলেন, 'পুশ-ইন' ঠেকাতে সীমান্ত জুড়ে নিরাপত্তা জোরদার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## দেশে হামের উপসর্গে আরও ৫ মৃত্যু

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও পাঁচ শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৩৬ জনে। সেই সঙ্গে নিশ্চিত হামে প্রাণহানি ঘটেছে ৯৩ শিশুর। শুক্রবার (৩ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কেউ মারা না গেলেও, সন্দেহজনক হাম রোগে মৃত্যু হয়েছে পাঁচজনের। অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯৩ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৬৩৬ জন। সব মিলিয়ে হাম-সংক্রান্ত রোগে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭২৯ জনে। প্রতিবেদনে উল্লিখিত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৩৯ জনের। এ সময় সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৬৮ জন। গত ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১২ হাজার ৪২৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা এক লাখ তিন হাজার ৯৬১

জন। একই সময়ে ডেঙ্গু সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৮৭ হাজার ২৬২ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৮৩ হাজার ৫৪৩ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫৭ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দু-জন করে মৃত্যুবরণ করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## বিনা অনুমতিতে এনবিআর সদর দপ্তরে আসতে পারবেন না মাঠ পর্যায়ের কর্মীরা

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পূর্বানুমতি ছাড়া সদর দপ্তরে আগমনের ওপর নিয়ন্ত্রণ আরোপ করেছে কর্তৃপক্ষ। এ বিষয়ে এক অফিস আদেশ জারি করে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে।।সম্প্রতি জারি করা ওই অফিস আদেশে বলা হয়, লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত অনেক কর্মকর্তা-কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়াই এবং কোনো দাপ্তরিক কারণ ছাড়া জাতীয় রাজস্ব বোর্ডে আসছেন। এতে বোর্ডের স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। পাশাপাশি এ ধরনের কর্মকাণ্ড দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার পরিপন্থি বলেও উল্লেখ করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১) নুরুন্নাহার শিফার সই করা ওই আদেশে বলা হয়, এ পরিস্থিতিতে দাপ্তরিক বা ব্যক্তিগত যে-কোনো কারণে জাতীয় রাজস্ব বোর্ডে আগমনের আগে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী বা যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। অফিস আদেশে এ নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশ দেওয়া হয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## গাইবান্ধায় নদ-নদীর পানি কমছে, শুরু হয়েছে ভাঙন

উজানের ঢল কমার সঙ্গে সঙ্গে গাইবান্ধার প্রধান নদ-নদীগুলোর পানি হ্রাস পেলেও, জেলা জুড়ে তীব্র আকার ধারণ করেছে নদীভাঙন। গত এক মাসে পানি ওঠানামার ফলে জেলার চার উপজেলার অন্তত ২৫টি পয়েন্টে ভাঙন দেখা দিয়েছে। ভাঙনে ইতোমধ্যে নদীগর্ভে বিলীন হয়েছে দুই শতাধিক বসতভিটা ও বিপুল পরিমাণ ফসলি জমি। এদিকে পানি উন্নয়ন বোর্ড বলছে, ঢল ও বৃষ্টি শুরু হলে পরিস্থিতি আরও অবনতি হতে পারে। স্থানীয়রা জানান, গাইবান্ধার প্রধান নদ-নদীগুলোতে পানি বাড়া-কমার মধ্যে ভাঙন অব্যাহত রয়েছে। প্রতিনিয়তই নতুন করে বিলীন হচ্ছে বসতভিটা ও আবাদি জমি। জেলার চার উপজেলার অন্তত ২৫টি পয়েন্টে প্রায় ২০০ বাড়ি নদী গর্ভে বিলীন হয়েছে। ভাঙনের শঙ্কায় রয়েছে আরও শতাধিক পরিবার। জানা যায়, পানি কমায় চরাঞ্চলের ঘরবাড়ি থেকে পানি নেমে স্পষ্ট হচ্ছে ক্ষয়ক্ষতি। চোখের সামনে নিজেদের শেষ সম্বল হারিয়ে ও বাড়িঘর হারানোর আতঙ্কে দিন পার করছেন নদীপাড়ের হাজারও বাসিন্দা। গাইবান্ধার পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) তথ্য অনুযায়ী, শুক্রবার (৩ জুলাই) দুপুর ১২টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় তিস্তা নদীর পানি কাউনিয়া পয়েন্টে ১৫ সেন্টিমিটার হ্রাস পেয়ে বিপৎসীমার ৭১ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া ব্রহ্মপুত্র ও যমুনা নদের পানি ফুলছড়ির তিস্তামুখ পয়েন্টে দুই সেন্টিমিটার হ্রাস পেয়ে ১১৬ সেন্টিমিটার, ঘাঘট নদীর পানি জেলা শহরের নতুন ব্রিজ পয়েন্টে ৯ সেন্টিমিটার হ্রাস পেয়ে বিপৎসীমার ১৬৪ সেন্টিমিটার এবং গোবিন্দগঞ্জের করতোয়া নদীর পানি চকরহিমাপুর স্টেশন পয়েন্টে ৮ সেন্টিমিটার হ্রাস পেয়ে বিপৎসীমার ২০৬ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। গত এক মাস ধরে জেলার সবগুলো নদ-নদীর পানি কখনও বাড়ছে, আবার কখনও কমছে। আর এই পানি ওঠানামার সঙ্গে শুরু হয়েছে নদী তীরবর্তী এলাকাগুলোতে তীব্র ভাঙন। ভাঙন কবলিত এলাকার স্থানীয়দের অভিযোগ, পানি উন্নয়ন বোর্ডের কাজের গাফিলতি ও স্থায়ী পদক্ষেপ গ্রহণ না করায়, প্রতিবছর তাদের নদী ভাঙনের শিকার হতে হয়। কোনো সাহায্য নয়, নদী ভাঙনের স্থায়ী সমাধানের দাবি তাদের। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## কালভার্ট ধসে পড়ে যোগাযোগ বিচ্ছিন্ন, বিপাকে ৫ শতাধিক পরিবার

কুড়িগ্রামের ফুলবাড়ীতে ধরলা নদীর তীব্র স্রোতে একটি গুরুত্বপূর্ণ সড়কের কালভার্ট ধসে পড়েছে। এতে প্রায় ৫০ ফুট সড়ক ভেঙে বড়ো গর্তের সৃষ্টি হয়েছে। ফলে গত পাঁচদিন ধরে ওই এলাকার পাঁচ শতাধিক পরিবার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার (২৯ জুন) দিনগত গভীর রাতে টানা বৃষ্টি ও উজানের ঢলে ধরলা নদীর পানি বেড়ে তীব্র স্রোতের সৃষ্টি হয়। নদীর পানি লোকালয়ে ঢুকে প্রবল স্রোতের চাপে উপজেলার নাওডাঙ্গা ইউনিয়নের চর গোরকমন্ডল এলাকার ওই কালভার্টটি ধসে যায়। একইসঙ্গে কালভার্টের দুই পাশের প্রায় ৫০ ফুট সড়কও ভেঙে গিয়ে গর্তের সৃষ্টি হয়। উপজেলার আনন্দবাজার থেকে চর গোরকমন্ডল এলাকায় যাতায়াতের অন্যতম প্রধান সড়ক এটি। সড়ক ভেঙে যাওয়ায় স্থানীয় বাসিন্দারা বাধ্য হয়ে দীর্ঘ বিকল্প পথ ব্যবহার করছেন। এতে সময়ের পাশাপাশি যাতায়াত ব্যয়ও বেড়েছে। স্থানীয় বাসিন্দা মাইদুল ইসলাম বলেন, “দীর্ঘদিন ধরে এলাকাবাসী চর গোরকমন্ডল এলাকায় ধরলা নদীর তীরে একটি স্থায়ী বাঁধ নির্মাণের দাবি জানিয়ে আসছেন। কিন্তু কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি। ফলে ভারী বৃষ্টি ও উজানের ঢলের তীব্র স্রোতে কালভার্ট ও সড়কটি ভেঙে যায়। এখন কোমর সমান পানি পেরিয়ে চলাচল করতে হচ্ছে।” কালভার্ট ধসের বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে বলে জানান নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. হাছেন আলী। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ রুবাইয়া)

## বেতন-ভাতা ছাড়াও এক কোটি টাকা ‘বিশেষ প্রণোদনা’ পাচ্ছেন আযমী

গত ১৭ বছরে সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর বঞ্চনা, অবিচার ও প্রতিহিংসার শিকার কর্মকর্তাদের স্বাভাবিক অবসর ও ভূতাপেক্ষ পদোন্নতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তাদের মধ্যে রয়েছেন জামায়াতে ইসলামীর সাবেক আমির গোলাম আযমের ছেলে আবদুল্লাহিল আমান আযমী। বকেয়া বেতন-ভাতার পাশাপাশি এক কোটি টাকার 'বিশেষ আর্থিক প্রণোদনা'ও পাবেন তিনি। ২০০৯ সাল থেকে ২০২৪ সালের ৪ আগস্ট পর্যন্ত সময়ে সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত, অপসারণকৃত, অব্যাহতিপ্রাপ্ত ১৫০ কর্মকর্তাকে এসব সুবিধার পাশাপাশি আর্থিক ও আনুষঙ্গিক আরও সুবিধার ঘোষণা দিয়ে বুধবার (১ জুলাই) একটি প্রজ্ঞাপন জারি করেছে প্রতিরক্ষা মন্ত্রণালয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ সেনাবাহিনীর ১১৫ জন, বাংলাদেশ নৌবাহিনীর ২১ জন ও বাংলাদেশ বিমানবাহিনীর ১৪ জনসহ মোট ১৫০ জন অবসরপ্রাপ্ত, অপসারণকৃত, অব্যাহতিপ্রাপ্ত ও বরখাস্তকৃত অফিসারদের স্বাভাবিক অবসর/ভূতাপেক্ষ পদোন্নতিসহ স্বাভাবিক অবসর/অকালীন (বাধ্যতামূলক) অবসর/পদোন্নতি প্রদান এবং তদানুযায়ী বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতা এবং আর্থিক ও আনুষঙ্গিক সুবিধা (যার জন্য যেটি প্রযোজ্য- বিশেষ আর্থিক প্রণোদনা) দেওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হলো। ব্রিগেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমীকে ২০০৯ সালের ২৪ জুন অকালীন (বাধ্যতামূলক) অবসরে পাঠানো হয় বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। এতে তাকে ২০১১ সালের ২৬ ডিসেম্বর মেজর জেনারেল পদে ভূতাপেক্ষ পদোন্নতি ও ২০১৪ সালের ২৬ ডিসেম্বর তারিখে অবসরপূর্ব লেফটেন্যান্ট জেনারেল পদে পদোন্নতিসহ বয়সসীমা শেষে স্বাভাবিক অবসর দেওয়ার কথা উল্লেখ করা হয়। তাকে ব্রিগেডিয়ার জেনারেল পদে বকেয়া বেতন-ভাতার পাশাপাশি নির্দিষ্ট মেয়াদে মেজর জেনারেল পদে বকেয়া বেতন-ভাতা এবং বিধি মোতাবেক আর্থিক ও আনুষঙ্গিক সুবিধা পাবেন বলে প্রজ্ঞাপনে জানানো হয়। এর পাশাপাশি তাকে বিশেষ আর্থিক প্রণোদনা হিসেবে এক কোটি টাকা ও বয়স ও যোগ্যতা সাপেক্ষে যে-কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় পদায়নের কথা প্রজ্ঞাপনে বলা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## ঢাকায় বড়ো স্ক্রিনে খেলা দেখার স্থানে নজরদারি করবে পুলিশ

ফুটবল বিশ্বকাপ খেলার জয়-পরাজয় নিয়ে সমর্থকদের উত্তেজনা এক পর্যায়ে প্রাণঘাতী সংঘর্ষে পরিণত হচ্ছে। অনাকাঙ্ক্ষিত হত্যা বা হতাহত এড়াতে রাজধানীর পাড়া-মহল্লা বা বিভিন্ন জায়গায় বড়ো স্ক্রিনে খেলা দেখার স্থানগুলোয় বিশেষ নজরদারি করবে থানা পুলিশ ও ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। রাজধানীর আদাবরে ব্রাজিলের খেলা দেখা ও সমর্থকদের সংঘর্ষের জেড়ে বিএনপি নেতা মো. আবুল বাশার বাদশাকে কুপিয়ে হত্যার ঘটনায় জড়িতদের গ্রেফতার পরবর্তী এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম। শুক্রবার (৩ জুলাই) বিকেলে মিন্টো রোডের ডিএমপি মিডিয়া সেন্টারে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। তিনি বলেন, রাজধানীর বিভিন্ন স্থানে বড়ো বড়ো স্ক্রিনে খেলা দেখা হয়। এটা আমরা নজরদারি করতেছি। ডিএমপির সব থানাগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## ইরানের স্পিকারকে সফরের আমন্ত্রণ জানালো বাংলাদেশ

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে ইরানের ইসলামিক কনসালটেটিভ অ্যাসেম্বলির স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এ সময় ইরানের স্পিকারকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান বাংলাদেশের স্পিকার। ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির রাষ্ট্রীয় শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দিতে গতকাল (বৃহস্পতিবার) তেহরান পৌঁছান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। বিমানবন্দরে তাকে উষ্ণ অভ্যর্থনা জানান ইরানের ডেপুটি স্পিকার হামিদ রেজা হাজি বাবাই। শুক্রবার (৩ জুলাই) অনুষ্ঠিত বৈঠকে ইরানের স্পিকার গালিবাফ বাংলাদেশি সংসদীয় প্রতিনিধিদলকে আন্তরিক স্বাগত জানান। বাংলাদেশ জাতীয় সংসদের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ তথ্য জানানো হয়। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম ইরানের সর্বোচ্চ নেতার নির্মম হত্যাকাণ্ডের নিন্দা জানান এবং গভীর শোক প্রকাশ করেন। তিনি এ সময় ইরানের সরকার ও ভ্রাতৃপ্রতিম জনগণের প্রতি বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে গভীর সমবেদনা ও সংহতি জ্ঞাপন করেন। তিনি ইরান ও বাংলাদেশের মধ্যকার শতাব্দী প্রাচীন বন্ধুত্ব, গভীর সাংস্কৃতিক এবং কূটনৈতিক সম্পর্কের কথা পুনর্ব্যক্ত করেন। স্পিকার সম্প্রতি ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সই হওয়া শান্তি সমঝোতা স্মারক বাস্তবায়নে ইরানের স্পিকারের গঠনমূলক ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন যে, এই চুক্তি ইরানসহ সমগ্র অঞ্চলে স্থায়ী শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধি নিয়ে আসবে। বাংলাদেশ এই শান্তি প্রক্রিয়ার প্রতি সমর্থন বজায় রাখবে এবং সংলাপ ও কূটনীতির মাধ্যমে সব সমস্যার স্থায়ী সমাধান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বাংলাদেশ ও ইরানের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের ধারা বজায় রাখতে ইরানের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## বঙ্গোপসাগরে লঘুচাপ, সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

বঙ্গোপসাগরে লঘুচাপ সৃষ্টি হওয়ায় উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এজন্য চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। শুক্রবার (৩ জুলাই) বিকেলে এ বিষয়ে আবহাওয়ার সতর্কবার্তা দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। বার্তায় বলা হয়, উত্তর-

পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় সৃষ্ট লঘুচাপটি একই এলাকায় অবস্থান করছে। এটি ঘনীভূত হতে পারে। এর প্রভাবে সমুদ্রবন্দরগুলো, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। আবহাওয়া অধিদপ্তর আরও জানায়, উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## রাখাইনে ফের সংঘাত, রোহিঙ্গা অনুপ্রবেশের শঙ্কা

কক্সবাজারের টেকনাফ সীমান্তসংলগ্ন মিয়ানমারের রাখাইন রাজ্যে নতুন করে সংঘাত সৃষ্টি হওয়ায় রোহিঙ্গা অনুপ্রবেশের শঙ্কা দেখা দিয়েছে। তবে সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সতর্ক অবস্থানে রয়েছে। বুধবার (১ জুলাই) ও বৃহস্পতিবার (২ জুলাই) থেমে থেমে টানা দুইদিন মিয়ানমারের সামরিক বাহিনী রাখাইন রাজ্য পুনরুদ্ধারে আরাকান আর্মির অবস্থান লক্ষ্য করে বিমান হামলা চালায়। হামলার তীব্রতায় কক্সবাজারের টেকনাফ সীমান্তের বাড়িঘরসহ বিভিন্ন গ্রাম ভূমিকম্পের মতো কেঁপে ওঠে। তবে শুক্রবার (৩ জুলাই) মংডু শহরের ভেতরে সংঘর্ষের ঘটনা ঘটলেও এপাড়ে তেমন কোনো বিকট শব্দ শোনা যায়নি। উখিয়া ও টেকনাফে বসবাসরত রোহিঙ্গা ক্যাম্পের কয়েকজন বাসিন্দার সঙ্গে কথা বলে জানা গেছে, মিয়ানমারের সামরিক বাহিনীর বিমান হামলায় সেখানে বসবাসকারী রোহিঙ্গারাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আরাকান আর্মি ও মিয়ানমার সামরিক বাহিনীর সংঘাতের কারণে রোহিঙ্গাদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। তারা সেখানে নিরাপদ বোধ না করলে এপাড়ে নতুন করে অনুপ্রবেশের শঙ্কা রয়েছে। এর আগেও সংঘাতের কারণে লক্ষাধিক রোহিঙ্গা দেশে অনুপ্রবেশ করেছিল। আলীখালী ক্যাম্পের শরণার্থী আজগর আলী বলেন, "বুধবার ও বৃহস্পতিবার মংডু শহরে আরাকান আর্মির দখলে থাকা শহর ও গ্রাম পুনরুদ্ধারে মিয়ানমারের সামরিক বাহিনী বিমান হামলা চালিয়েছে। সামনেও এ সংঘাত আরও তীব্র হতে পারে। এতে অন্যদের পাশাপাশি রোহিঙ্গা মুসলিমরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## সাঈদীর সাক্ষী সুখরঞ্জনকে থাপ্পড় মেরে কলার ধরে গাড়িতে তোলেন এএসপি ফজলুর

জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমির দেলাওয়ার হোসাইন সাঈদীর পক্ষে সাফাই সাক্ষ্য দিতে এসে ২০১২ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণ থেকে অপহৃত হন পিরোজপুরের সুখরঞ্জন বালী। এ ঘটনায় সরাসরি জড়িত ছিলেন সহকারী পুলিশ সুপার (এএসপি) ফজলুর রহমান। বিষয়টি জানিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম। শুক্রবার (৩ জুলাই) বিকেলে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অতিরিক্ত পুলিশ কমিশনার শফিকুল ইসলাম বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি) আমাদের একটা রিকুইজিশন দিয়েছিল। সেই রিকুইজিশনের ভিত্তিতে আমরা তাকে (এএসপি ফজলুর রহমান) গ্রেফতার করেছি। তিনি বলেন, আমরা জানতে পেরেছি, আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদীর মামলায় সুখরঞ্জন বালীকে কিডন্যাপের (অপহরণ) সঙ্গে তিনি সরাসরি জড়িত ছিলেন। গতকাল বৃহস্পতিবার (২ জুলাই) রাত ১০টার দিকে রাজধানীর বাড্ডার নিজ বাসভবন থেকে তাকে গ্রেফতার করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হস্তান্তর করা হয়েছে। এরই মধ্যে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। ডিবির অতিরিক্ত কমিশনার আরও জানান, ঘটনার সময় ফজলুর রহমান ডিবিতে কর্মরত ছিলেন। ঘটনার দিন ভুক্তভোগী সুখরঞ্জন বালী হাইকোর্ট এলাকায় গাড়ি থেকে নামলে তাকে একটা থাপ্পড় মারেন ফজলুর। এরপর শার্টের কলার ধরে তাকে ডিবির গাড়িতে তুলে নিয়ে যাওয়া হয়। এ ঘটনায় তিনি ও তার টিম প্রত্যক্ষভাবে জড়িত ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে আইনি সংস্কারের তাগিদ তথ্য ও সম্প্রচার মন্ত্রীর

প্রযুক্তির দ্রুত বিকাশ, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ডিজিটাল প্রযুক্তির বিস্তারের ফলে সৃষ্ট নতুন বাস্তবতা মোকাবিলায় সময়োপযোগী আইনি সংস্কার অপরিহার্য বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি এই পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কার্যকর আইন প্রণয়ন ও সংস্কারে ল' রিপোর্টার্স ফোরামসহ আইন অঙ্গনের বিশেষজ্ঞদের সহযোগিতা প্রত্যাশা করেন। শনিবার (৩ জুলাই) সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির মিলনায়তনে আয়োজিত ল' রিপোর্টার্স ফোরামের বার্ষিক সাধারণ সভা-২০২৬ ও রজতজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এ আহ্বান জানান। ল' রিপোর্টার্স ফোরামের সভাপতি হাসান জাবেদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মিশনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। তথ্যমন্ত্রী বলেন, আধুনিক রাষ্ট্রে গণমাধ্যম রাষ্ট্র ও সমাজের আয়না হিসেবে কাজ করে। গণমাধ্যম যত বেশি বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল হবে, নাগরিকরা তত বেশি সঠিক তথ্যের ভিত্তিতে রাষ্ট্র ও সমাজ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। আর আইনবিষয়ক সাংবাদিকদের দায়িত্ব আরও গুরুত্বপূর্ণ, কারণ বিচার বিভাগের কার্যক্রম সম্পর্কে জনগণের আস্থা ও উপলব্ধি গড়ে তুলতে তাদের ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি বলেন, প্রযুক্তির অগ্রগতি যেমন মানুষের জীবনকে সহজ করেছে, তেমনি নতুন ধরনের জটিলতাও সৃষ্টি করেছে। কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে তৈরি ছবি, ভিডিও কিংবা তথ্যের সত্যতা যাচাই এবং এসব বিষয়ে আইনের অবস্থান এখন বিশ্বব্যাপী আলোচনার বিষয়। এই বাস্তবতায় প্রচলিত আইনকে দ্রুত সময়োপযোগী করে তোলার বিকল্প নেই বলে মন্তব্য করেন তথ্যমন্ত্রী। জহির উদ্দিন

স্বপন বলেন, সমাজের দ্রুত রূপান্তরের সঙ্গে তাল মিলিয়ে আইনেরও দ্রুত রূপান্তর হওয়া দরকার। কিন্তু বাস্তবে আইনি সংস্কারের গতি এখনো অনেক ধীর। এই ব্যবধান দূর করতে আইনজীবী, বিচারবিশারদ, গবেষক এবং আইনবিষয়ক সাংবাদিকদের সম্মিলিতভাবে কাজ করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে সরকার নিরলস কাজ করছে : রিজভী

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলছেন, নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে সরকার নিরলস কাজ করছে। ফ্যামিলি কার্ড, কৃষি কার্ড ও স্বাস্থ্য কার্ডের মতো কর্মসূচি বাস্তবায়নে কোনো ঘাটতি রাখা হচ্ছে না এবং এগুলো নিয়মিত তদারকি করা হচ্ছে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার (৩ জুলাই) রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশি জাতীয়তাবাদই সব জাতিসত্তার আশ্রয়ের ভূখণ্ড বলেও মন্তব্য করেন রিজভী। তিনি বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান একটি ঝঞ্ঝাবিক্ষুব্ধ সমুদ্রের মধ্যে এমন একটি ভূখণ্ড দেখিয়েছিলেন, যে ভূখণ্ডে সবার আশ্রয় হয়, প্রত্যেকটি জাতিসত্তার আশ্রয় হয়। সেই ভূখণ্ডটির নাম বাংলাদেশি জাতীয়তাবাদ। রিজভী বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এমন একটি রাষ্ট্রচিন্তার ভিত্তি স্থাপন করেছিলেন, যেখানে ধর্ম, জাতিসত্তা ও সম্প্রদায়- নির্বিশেষে সবাই সমান মর্যাদায় আশ্রয় পায়। সেই রাষ্ট্রচিন্তার নাম 'বাংলাদেশি জাতীয়তাবাদ'। জাতীয় পরিচয়ের প্রসঙ্গ টেনে তিনি বলেন, আমি "বাঙালি" বলার সঙ্গে সঙ্গে আমার পায়ের নিচে কোনো বৃত্তিকার স্পর্শ পাই না। কারণ প্রশ্ন আসবে, আপনি কোথাকার বাঙালি? আমেরিকার বাঙালি, না ফ্রান্সের বাঙালি, না পশ্চিমবঙ্গের বাঙালি, না ত্রিপুরার বাঙালি? কিন্তু "বাংলাদেশি" বলার সঙ্গে সঙ্গে অপূর্ব এক ধরনের প্রেরণা বুকের মধ্যে জেগে ওঠে যে, আমরা একটি স্বতন্ত্র দেশের মানুষ। আমাদের আলাদা পতাকা আছে, আলাদা মানচিত্র আছে, আলাদা জাতীয় সংগীত আছে, আলাদা ভাষা আছে। আর যে-কোনো বিপদে আমরা একসঙ্গে দাঁড়াই। জুলাই আন্দোলনের প্রসঙ্গ উল্লেখ করে রুহুল কবির রিজভী বলেন, ওই আন্দোলনে ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সবাই একসঙ্গে ছিল। সেদিন মুসলমান গুলি খেয়েছে, হিন্দুও গুলি খেয়েছে, খ্রিষ্টানও গুলি খেয়েছে। আজ সারা বাংলাদেশ থেকে বিভিন্ন সম্প্রদায় ও নৃ-গোষ্ঠীর মানুষ এখানে এসেছেন। সমতলের সাঁওতাল, রাজবংশীসহ বিভিন্ন জনগোষ্ঠীর মানুষ যেমন আছেন, তেমনি পাহাড় থেকেও অনেকে এসেছেন। সবাই এক কাতারে, এক ব্যানারের নিচে মিলিত হয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## আদাবরে বিএনপি নেতা হত্যা; আরও ৪ জন আটক, সুইচ গিয়ার উদ্ধার

রাজধানীর আদাবরের নবোদয় হাউজিং এলাকায় ব্রাজিলের খেলা দেখা নিয়ে দ্বন্দ্বে বিএনপি নেতা মো. আবুল বাশার বাদশাকে কুপিয়ে হত্যার ঘটনায় আরও চারজনকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। একইসঙ্গে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি সুইচ গিয়ার চাকুও উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত মোট সাতজন আটক করেছে পুলিশ। ডিবির হাতে আটকরা হলেন- রিপন (২৭), নিরব (২৫), মজনু মিয়া (৬০) ও মো. মিজানুর রহমান (৪০)। বৃহস্পতিবার (২ জুলাই) রাত সোয়া ৯টায় ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ থানার সাহেবনগর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করে ডিবির তেজগাঁও বিভাগের একটি দল। পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে রাজধানীর আদাবর থেকে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি সুইচ গিয়ার চাকু উদ্ধার করা হয়। শুক্রবার (৩ জুলাই) বিকেলে মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান ডিবি প্রধান অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ায় বিশেষ অভিযানে বাংলাদেশিসহ আটক ১৪৬

মালয়েশিয়ায় অবৈধ অভিবাসন, অননুমোদিত কর্মসংস্থান এবং সীমান্ত দিয়ে অবৈধ প্রবেশ ঠেকাতে দেশজুড়ে ব্যাপক অভিযান শুরু করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ (জেআইএম)। সর্বশেষ পৃথক তিনটি অভিযানে বাংলাদেশিসহ বিভিন্ন দেশের মোট ১৪৬ জনকে আটক করা হয়েছে। একইসঙ্গে সরকার স্পষ্ট বার্তা দিয়েছে, অবৈধভাবে অবস্থানকারী বিদেশিদের পাশাপাশি তাদের আশ্রয়দাতা ও নিয়োগদাতাদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পর্যবেক্ষকদের মতে, বিদেশিকর্মী ব্যবস্থাপনায় স্বচ্ছতা প্রতিষ্ঠা, অবৈধ শ্রমবাজার নিয়ন্ত্রণ এবং সীমান্ত নিরাপত্তা জোরদারে সাম্প্রতিক মাসগুলোতে মালয়েশিয়া সরকার যে কঠোর অবস্থান নিয়েছে, এসব অভিযান তারই ধারাবাহিকতা। সবচেয়ে বড়ো অভিযানটি পরিচালিত হয় সেলাঙ্গরের ক্লাংয়ের পাইকারি বাণিজ্যকেন্দ্র প্লাজা জিএমে। 'অপস মেগা' নামে পরিচালিত এ অভিযানে ৫০টি ব্যবসা প্রতিষ্ঠানে তল্লাশি চালিয়ে ৩২৭ জনের কাগজপত্র পরীক্ষা করা হয়। এর মধ্যে চীন, কম্বোডিয়া, ফিলিপাইন, মিয়ানমার, ইন্দোনেশিয়া, ভারত, বাংলাদেশ ও পাকিস্তানের ৮৬ জন বিদেশি নাগরিককে আটক করা হয়। ইমিগ্রেশন বিভাগ জানায়, আটক ব্যক্তিদের বিরুদ্ধে ইমিগ্রেশন আইন ১৯৫৯/৬৩ এবং ১৯৬৩ সালের ইমিগ্রেশন বিধিমালা লঙ্ঘনের অভিযোগ রয়েছে। অভিযানের সময় কয়েকজন বিদেশি পালানোর চেষ্টা করলেও ড্রোন নজরদারি এবং বিভিন্ন সংস্থার সমন্বিত অভিযানে তাদের আটক করা হয়। তদন্তে সহায়তার জন্য ১১ জন মালয়েশীয় নাগরিকের বিরুদ্ধেও সমন জারি করা হয়েছে। দুই সপ্তাহের গোয়েন্দা নজরদারি এবং জনসাধারণের অভিযোগের ভিত্তিতে পরিচালিত এ অভিযানে ইমিগ্রেশন বিভাগের পাশাপাশি রয়্যাল মালয়েশিয়ান কাস্টমস বিভাগ, জাতীয় নিবন্ধন বিভাগ (জেপিএন) এবং অভ্যন্তরীণ বাণিজ্য ও জীবনযাত্রার ব্যয় মন্ত্রণালয়ের কর্মকর্তারাও অংশ নেন। এতে মোট ১২৫ জন কর্মকর্তা দায়িত্ব পালন করেন। একই সময়ে কেলান্তান সীমান্তে পৃথক বিশেষ অভিযানে বাংলাদেশের আটজনসহ মোট

১৩ জন বিদেশিকে আটক করা হয়েছে। তাদের মধ্যে তিনজন ইন্দোনেশীয় পুরুষ, একজন ইন্দোনেশীয় নারী এবং একজন মিয়ানমারের নারী রয়েছেন। ইমিগ্রেশনের মহাপরিচালক দাতুক জাকারিয়া শাবান জানিয়েছেন, প্রাথমিক তদন্তে দেখা গেছে, আটক ব্যক্তিদের কয়েকজন মালয়েশিয়ায় প্রবেশে কালো তালিকাভুক্ত ছিলেন। তারা সীমান্তের অননুমোদিত পথ বা 'ইঁদুরপথ' ব্যবহার করে ইমিগ্রেশন চেকপোস্ট এড়িয়ে দেশে প্রবেশের চেষ্টা করেছিলেন। অভিযানে বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মোট আটটি পাসপোর্ট এবং একটি প্রোটন প্রেভে গাড়ি জব্দ করা হয়েছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে ইমিগ্রেশন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## ব্যবসার নামে ১৪ কোটি টাকা আত্মসাৎ, প্রতারক গ্রেফতার

রাজধানীর গুলশান এলাকায় 'ট্রাস্ট গোল্ড অ্যান্ড ডায়মন্ড লিমিটেড' নামক প্রতিষ্ঠানে যৌথ ব্যবসায় বিনিয়োগের প্রতারণায় ১৪ কোটি ৩৮ লাখ টাকা আত্মসাতের অভিযোগে একজনকে গ্রেফতার করেছে গুলশান থানা পুলিশ। শুক্রবার (৩ জুলাই) সকালে হাতিরঝিল থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। গুলশান থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, ২০২০ সালে ধানমন্ডির মেট্রো শপিংমলে ভুক্তভোগী বিপ্লব চক্রবর্তীর সঙ্গে ব্যবসায়িক কারণে পরিচিত হন অভিযুক্ত সৌমেন সাহা। করোনাকালীন সময়ে তাদের মধ্যে পারিবারিক সম্পর্ক ও বিশ্বাসের ভিত্তি গড়ে ওঠে। তিনি আরও বলেন, ২০২৩ সালে সৌমেন সাহা দুবাই থেকে স্বর্ণ কেনার কথা বলে ভুক্তভোগীর কাছ ৫০ লাখ টাকা ধার নেন। পরবর্তীতে গুলশানের পুলিশ প্লাজা কনকর্ড শপিংমলে 'ট্রাস্ট গোল্ড অ্যান্ড ডায়মন্ড লিমিটেড' নামে একটি নতুন দোকান চালুর প্রস্তাব দিয়ে বাদীকে ব্যবসায় অংশীদার বানানোর প্রতিশ্রুতি দিয়ে ৪ কোটি ৩০ লাখ টাকা নেন। এভাবে বিভিন্ন সময় পর্যায়ক্রমে নগদ টাকা ও চেকের মাধ্যমে সর্বমোট ১৪ কোটি ৩৮ লাখ টাকা হাতিয়ে নেন অভিযুক্ত ব্যক্তি। তিনি বলেন, বিনিয়োগের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও সৌমেন সাহা ব্যবসার কোনো লভ্যাংশ বা হিসাব না দিয়ে বিভিন্ন অজুহাতে টালবাহানা শুরু করেন। সর্বশেষ ভুক্তভোগী পুনরায় হিসাব দাবি করলে তাকে বিভিন্ন ধরনের ভয়ভীতি ও প্রাণনাশের হুমকি দেন। পরবর্তীতে ভুক্তভোগীর অভিযোগের ভিত্তিতে গুলশান থানায় একটি মামলা করা হয়। তথ্য-প্রযুক্তি ও গোপন তথ্যের ভিত্তিতে গুলশান থানা পুলিশের একটি টিম হাতিরঝিল থানা এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেফতার ব্যক্তিকে আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## ইতিহাস বিকৃত বা আড়াল করা গেলেও মুছে ফেলা যায় না : সমাজকল্যাণমন্ত্রী

ইতিহাস বিকৃত বা আড়াল করা গেলেও মুছে ফেলা যায় না বলে মন্তব্য করেছেন সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন। শুক্রবার (৩ জুলাই) চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রথম সমাধি জিয়ারত ও শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। মন্ত্রী বলেন, মহান মুক্তিযুদ্ধ, বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা, সশস্ত্র মুক্তিযুদ্ধে নেতৃত্ব ও স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার ইতিহাসে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদান অবিস্মরণীয়। তিনি বলেন, ১৯৭১ সালে জিয়াউর রহমান স্বাধীনতার আহ্বান জানিয়ে মুক্তিযুদ্ধে অংশ নেন। তিনি মুক্তিযুদ্ধের ১ নম্বর সেক্টরের প্রথম সেক্টর কমান্ডার এবং পরে 'জেড ফোর্স'-এর অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেন, যা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। স্বাধীনতার পর রাষ্ট্র পরিচালনায় জিয়াউর রহমান বাংলাদেশি জাতীয়তাবাদের ভিত্তি সুদৃঢ় করেন এবং জাতীয় ঐক্য প্রতিষ্ঠা, কৃষি, শিল্প, রপ্তানি, প্রবাসী কর্মসংস্থান, তৈরি পোশাক শিল্প ও প্রতিরক্ষা খাতের উন্নয়নে ভূমিকা রাখেন বলেও মন্তব্য করেন মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## মিয়ানমারে পাচার হতে যাওয়া ৬০০ বস্তা সিমেন্ট জব্দ, আটক ৫

চট্টগ্রাম নগরের পতেঙ্গা থানার ১৫ নম্বর ঘাটসংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে নৌকায় বোঝাই করা ৬০০ বস্তা সিমেন্ট জব্দ করেছে কোস্ট গার্ড। এ সময় পাচারের অভিযোগে পাঁচজনকে আটক করা হয়েছে। আটক ব্যক্তিরা হলেন- কক্সবাজারের চকরিয়া উপজেলার নুরুল ইসলাম (২৬), মো. আকিব উদ্দিন (জিয়ান) (২১), মিজানুর রহমান (২৪), মো. হাসান (২৬) ও মো. বাদশা (২০)। শুক্রবার (৩ জুলাই) কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার (২ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে কোস্ট গার্ড আউটপোস্ট পতেঙ্গার সদস্যরা একটি বিশেষ অভিযান পরিচালনা করেন। অভিযানে সন্দেহভাজন একটি নৌকায় তল্লাশি চালিয়ে অবৈধভাবে শুল্ক-কর ফাঁকি দিয়ে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বোঝাই করা প্রায় তিন লাখ টাকা মূল্যের ৬০০ বস্তা সিমেন্ট জব্দ করা হয়। একইসঙ্গে পাচারকাজে ব্যবহৃত নৌকা জব্দ এবং পাঁচজনকে আটক করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## গণভোটের রায় বাস্তবায়ন ও হাদি হত্যার বিচার নিশ্চিত করতে হবে

গণভোটের রায়ের পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং শরিফ ওসমান হাদি হত্যাকাণ্ডের দ্রুত বিচার নিশ্চিত করার দাবি জানিয়েছেন বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান ডা. মোস্তাফিজুর রহমান ইরান। শুক্রবার (৩ জুলাই) লেবার পার্টি ঢাকা মহানগর

দক্ষিণের প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ দাবি জানান। জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষ্যে 'জান দেব, জুলাই দেব না' প্রতিপাদ্যকে সামনে রেখে দল ঘোষিত মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সভাটি হয়। মোস্তাফিজুর রহমান ইরান বলেন, জুলাই গণ-অভ্যুত্থান ছিল দেশের জনগণের অধিকার, ভোটাধিকার, গণতন্ত্র ও ইনসাফ প্রতিষ্ঠার সংগ্রাম। এই অভ্যুত্থানের মধ্যদিয়ে জনগণ একটি বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থার প্রত্যাশা ব্যক্ত করেছে। কিন্তু শহিদদের রক্তের আকাঙ্ক্ষা বাস্তবায়নে এখনো অনেক পথ বাকি। তিনি দাবি জানিয়ে বলেন, গণভোটে জনগণের যে রায় প্রতিফলিত হয়েছে, তার পূর্ণাঙ্গ বাস্তবায়ন করতে হবে। রাষ্ট্র সংস্কার, আইনের শাসন, স্বাধীন বিচারব্যবস্থা, সুশাসন এবং জনগণের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করেই জুলাইয়ের চেতনার প্রতি প্রকৃত সম্মান জানানো সম্ভব। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

## রিজভীর স্বাক্ষর জাল করে ভুয়া সংবাদ বিজ্ঞপ্তি প্রচার

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষর জাল করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভুয়া সংবাদ বিজ্ঞপ্তি প্রচারের অভিযোগ উঠেছে। তিনি বলেছেন, শুক্রবার (৩ জুলাই) ফেসবুকে প্রচারিত ওই বিজ্ঞপ্তি মিথ্যা, বানোয়াট ও অসৎ উদ্দেশ্যপ্রণোদিত। রিজভী এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, কোনো স্বার্থান্বেষী কুচক্রী মহল তার স্বাক্ষর জাল করে ওই বিজ্ঞপ্তি ফেসবুকে পোস্ট করেছে। ভুয়া বিজ্ঞপ্তিটি তার স্বাক্ষরে বিএনপির দপ্তর থেকে গণমাধ্যমে পাঠানো হয়নি বলেও তিনি উল্লেখ করেন। বিএনপির এ নেতা বলেন, ফেসবুকে প্রচারিত সংবাদ বিজ্ঞপ্তিটি সম্পূর্ণরূপে বানোয়াট ও ভুয়া। একইসঙ্গে তিনি দলের সব পর্যায়ের নেতা-কর্মীদের উদ্দেশ্যে আহ্বান জানিয়ে বলেন, এ বিষয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## খামেনি হত্যার নিন্দা জানিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ ইরানের ইসলামিক কনসালটেটিভ অ্যাসেম্বলির স্পিকার মোহাম্মদ বাগের গালিবাফের সঙ্গে বৈঠক করেছেন। শুক্রবার, ৩ জুলাই তেহরানে তাদের এ বৈঠক অনুষ্ঠিত হয়। স্পিকার গালিবাফ ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় শেষকৃত্য উপলক্ষ্যে স্পিকার ও বাংলাদেশের প্রতিনিধি দলকে অভ্যর্থনা জানান। স্পিকার হাফিজ উদ্দিন আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং তার নৃশংস হত্যাকাণ্ডের নিন্দা জানিয়েছেন। তিনি জাতীয় শোকের এ সময়ে ইরান সরকার ও ভ্রাতৃপ্রতিম জনগণের প্রতি বাংলাদেশ সরকার ও জনগণের সংহতি প্রকাশ করেন। স্পিকার ইরান ও বাংলাদেশের মধ্যে শতাব্দী প্রাচীন বন্ধুত্ব এবং গভীর সাংস্কৃতিক ও মানুষে মানুষে সম্পর্কের কথাও তুলে ধরেন। তিনি ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সাম্প্রতিক শান্তি সমঝোতা স্মারক সহজতর করার ক্ষেত্রে স্পিকার গালিবাফের গঠনমূলক ভূমিকার প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন যে, এ চুক্তি ইরানের জনগণ এবং বৃহত্তর অঞ্চলের জন্য স্থায়ী শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধি বয়ে আনবে। তিনি চলমান শান্তি প্রক্রিয়ায় বাংলাদেশের সমর্থন পুনর্ব্যক্ত করেন এবং আশা প্রকাশ করেন যে, সংলাপ ও কূটনীতির মাধ্যমে অমীমাংসিত ইস্যুগুলোর টেকসই সমাধান অর্জনে সব পক্ষ এ গতিবেগ গড়ে তুলবে। স্পিকার গালিবাফকে পারস্পরিক সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান হাফিজ উদ্দিন আহমেদ। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

## জুলাই-আগস্টে দেশে বন্যার আশঙ্কা রয়েছে : এফএফডব্লিউসি

উজানে ভারী বৃষ্টিপাতের কারণে চলতি বছরের জুলাই ও আগস্ট মাসে দেশের ব্রহ্মপুত্র ও মেঘনা নদী অববাহিকায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র (এফএফডব্লিউসি)। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী সারদার উদয় রায়হান বলেন, "জলবায়ুগত কারণে বাংলাদেশে জুলাই ও আগস্ট মাসে সব সময়ই বন্যার ঝুঁকি থাকে। এ সময়ে দেশের প্রধান নদীগুলোর অববাহিকা ও উজানে ভারী বৃষ্টিপাত হয়, যা দেশে বন্যা পরিস্থিতির সৃষ্টি করে।" তিনি বলেন, সে কারণেই চলতি বছরের জুলাই ও আগস্টে ব্রহ্মপুত্র ও মেঘনা নদী অববাহিকায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার আশঙ্কা রয়েছে। ঐতিহাসিকভাবে বর্ষা মৌসুমের এই মধ্যবর্তী সময়েই দেশে সবচেয়ে ভয়াবহ বন্যাগুলো ঘটেছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ এলিনা)

## বিস্ফোরণে কেঁপে উঠছে উখিয়া-টেকনাফ সীমান্ত

কক্সবাজারের সীমান্তের ওপাড়ে মিয়ানমারের রাখাইন রাজ্যে আবারও দফায় দফায় বিস্ফোরণের বিকট শব্দ শোনা যাচ্ছে। বিস্ফোরণের শব্দে টেকনাফ, উখিয়া ও নাইক্ষ্যংছড়ি সীমান্ত এলাকা কেঁপে উঠছে। বুধবার রাতের পর বৃহস্পতিবার (২ জুলাই) দুপুরেও টেকনাফের হোয়াইক্যং ও হ্নীলা সীমান্তের ওপারে মিয়ানমারের রাখাইনের বলিবাজার ও কুমিরখালী এলাকা থেকে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। বুধবার (১ জুলাই) রাতে মংডু শহরে বিমান থেকে বোমা হামলার ঘটনা ঘটে। এ বিষয়ে উখিয়া ব্যাটালিয়ন (৬৪ বিজিবি) অধিনায়ক লে. কর্নেল মো. জহিরুল ইসলাম বলেন, "বিস্ফোরণের শব্দের বিষয়ে খোঁজ-খবর নেওয়া হচ্ছে। বিজিবিও সতর্ক অবস্থানে রয়েছে।" স্থানীয় বাসিন্দা হুমায়ুন রশিদ সংবাদ মাধ্যমকে বলেন, দুপুরের দিকে রাখাইনের বলিবাজার ও কুমিরখালী এলাকা থেকে বিস্ফোরণের বিকট

শব্দ শোনা যায়। এতে হোয়াইক্যং সীমান্তের বাড়িঘর কেঁপে ওঠে। এ পর্যন্ত অন্তত সাতটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। এসময় ধোঁয়া দেখা গেছে। ধোঁয়ায় পাখিদের উড়ে অন্যত্র চলে যাওয়ার দৃশ্য দেখা গেছে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে। টেকনাফ সদর ইউনিয়নের নাট্যংপাড়া এলাকার বাসিন্দা হাবিবুর রহমান বলেন, মিয়ানমার থেকে অনেকদিন পরে বোমার এমন শব্দ কোনোদিন শুনিনি। মনে হয়, বাংলাদেশ সীমান্তেই হামলা হচ্ছে। বিষয়টির সত্যতা নিশ্চিত করে টেকনাফ-২ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. হানিফুর রহমান ভুঁইয়া বলেন, বিজিবির চৌকস সৈনিকদের নিয়ে আমরা সীমান্তে অবস্থান করছি। বিজিবি সতর্ক অবস্থানে রয়েছে। আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই বলে তিনি জানান। রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে কঠোর অবস্থানে থাকবে বিজিবি। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ এলিনা)

## জলাশয় থাকবে উন্মুক্ত, জোরদার হচ্ছে নদী-খাল খনন কর্মসূচি : টুকু

হাওরাঞ্চলের মৎস্যজীবীদের জীবিকা নির্বাহের সুবিধার্থে দেশের সকল উন্মুক্ত জলাশয় প্রকৃত মৎস্যজীবীদের জন্য উন্মুক্ত রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। একইসঙ্গে অকাল বন্যা ও জলাবদ্ধতা থেকে বোরো ফসল রক্ষায় অগ্রাধিকার ভিত্তিতে নদী ও খাল খনন কর্মসূচি আরও জোরদার করা হচ্ছে। আজ শুক্রবার সকাল সাড়ে ৯টায় নেত্রকোণা সার্কিট হাউজে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব তথ্য জানান মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার মৎস্যজীবী ও সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠায় বদ্ধপরিকর। সরকারের মূল নীতি হচ্ছে- 'জাল যার, জল তার'। এই নীতি অনুযায়ী সবার জন্য, বিশেষ করে প্রকৃত মৎস্যজীবীদের সুবিধার্থে জলাশয় উন্মুক্ত করে দেওয়া হয়েছে। ইজারা প্রথার কারণে সৃষ্ট সমস্যার কথা উল্লেখ করে সুলতান সালাউদ্দিন টুকু বলেন, ইজারা দেওয়ার ফলে প্রভাবশালীরা যেভাবে হাওর বা জলাশয় দখল করে রাখতো এবং সাধারণ মানুষকে নামতে বাধা দিত, সেই প্রতিবন্ধকতা দূর করা হবে। সরকার আইনগতভাবে এই ধরনের সকল বাধা দূর করার উদ্যোগ নিয়েছে, যাতে সাধারণ মানুষ ও মৎস্যজীবীরা নির্বিঘ্নে জলাশয়ে মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করতে পারে। হাওরের জলাশয়গুলো ইজারামুক্ত করার প্রশ্নে প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেন, মহান স্বাধীনতার ঘোষক, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান খাল খনন কর্মসূচি গ্রহণ করেছিলেন তারই যোগ্য উত্তরসূরী প্রধানমন্ত্রী দেশনায়ক তারেক রহমান ইতোমধ্যেই খাল ও নদী খনন এবং জলাশয়কে কীভাবে ঠিক রাখা যায়, এ ব্যাপারে পদক্ষেপ নেওয়া শুরু করেছেন এবং উদ্বোধনও করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৩.০৭.২০২৬ এলিনা)

## প্রতিটি বিদ্যুৎ অফিসে অভিযোগ সেন্টার খোলার নির্দেশ

রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে অতিরিক্ত বিদ্যুৎ বিল আসার অভিযোগের পর প্রতিটি বিদ্যুৎ অফিসে অভিযোগ সেন্টার খোলার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। দুপুরে যশোর সার্কিট হাউজে জেলা পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, এ তপ্ত গ্রীষ্মে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ কাজ করছে। কয়েক জায়গায় বিদ্যুৎ বিল নিয়ে নানা অভিযোগ উঠেছে। আমরা প্রতিটি বিদ্যুৎ অফিসে অভিযোগ সেন্টার করেছি। সেখানে যোগাযোগ করে গ্রাহকরা সমস্যার সমাধান পাবেন- এমন নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, বিএনপি জনগণের সরকার। জনগণকে সেবা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের আরও আন্তরিক হওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। এ সময় এলপিজি গ্যাসের দাম নিয়েও কথা বলেন অনিন্দ্য ইসলাম অমিত। তিনি জানান, দেশের প্রায় ৯৮ শতাংশ এলপিজি আমদানি করতে হয় এবং এ খাত পুরোপুরি বেসরকারি খাতনির্ভর। প্রতিমন্ত্রী বলেন, মধ্যপ্রাচ্যের সংকটের কারণে আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম বেড়েছিল। এতে সাধারণ মানুষ, বিশেষ করে গৃহস্থালি পর্যায়ে অনেক কষ্ট হয়েছে। তিনি বলেন, যখনই বৈশ্বিক পরিস্থিতির উন্নতি হয়েছে, তখনই নাগরিকদের স্বস্তি দিতে সরকার দ্রুত এলপিজির দাম সমন্বয় করেছে। ভবিষ্যতেও সুযোগ তৈরি হলে ধাপে ধাপে জ্বালানির দাম আরও কমানোর চেষ্টা করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

## স্থানীয় নির্বাচন করতে প্রস্তুত ইসি, আগস্টে তফসিল

আগামী অক্টোবর মাসেই শুরু হতে পারে ইউনিয়ন পরিষদ নির্বাচন। এই নির্বাচনের তফসিল ঘোষণা হতে পারে আগস্টের মাঝামাঝি সময়ে। এ নির্বাচনে ভোট দিতে ৩১ জুলাই পর্যন্ত ভোটার হওয়ার সুযোগ রাখছে সাংবিধানিক প্রতিষ্ঠানটি। জানতে চাইলে ইসি সচিব আখতার আহমেদ বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংসদে বলেছেন, "ইসি নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে। আমরা প্রস্তুত হচ্ছি। একটি নির্বাচন করতে যা যা প্রয়োজন, আমরা সেসব নিয়ে কাজ করছি। যেন সরকার বললেই আমরা নির্বাচন করতে পারি। ভোটার তালিকা হালনাগাদে ৩১ জুলাই পর্যন্ত যাদের বয়স ১৮ বছর হবে, তারা স্থানীয় নির্বাচনের ভোটার।" ইউনিয়ন পরিষদের রোডম্যাপে বলা হয়েছে, ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত হয়েছে তিন হাজার ৯৮১টি, ২০২২-২৩ অর্থবছরে ১১০টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ৯২টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মামলা, সীমানা জটিলতাসহ নানা কারণে দীর্ঘদিন নির্বাচন হয়নি ১০৮টি ইউনিয়ন পরিষদের। দেশে মোট ইউনিয়ন পরিষদ চার হাজার ৫৮০টি। এর মধ্যে চলতি বছরই নির্বাচন উপযোগী হবে তিন হাজার ৯৮১টি। বাকিগুলো ২০২৭ ও ২০২৮ সালের দিকে নির্বাচন উপযোগী হবে। পৌরসভার রোডম্যাপ অনুযায়ী, দেশের মোট ৩৩০টি পৌরসভার মধ্যে নির্বাচন উপযোগী ৩২০টি।

আইনি জটিলতার কারণে ১০টি পৌরসভা নির্বাচন উপযোগী নয়। উপজেলা পরিষদের রোডম্যাপ অনুযায়ী, নতুন পাঁচটি উপজেলাসহ দেশে মোট উপজেলা ৫০০টি। কোনো উপজেলায়ই নির্বাচিত প্রতিনিধি না থাকায় সবগুলো নির্বাচন উপযোগী। রোডম্যাপ অনুযায়ী, নতুন সিটি করপোরেশন বগুড়াসহ ১৩টি সিটি করপোরেশনের কোনোটিতেই নির্বাচিত প্রতিনিধি না থাকায় সবগুলো নির্বাচন উপযোগী। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

## তেহরানের গ্র্যান্ড মোসাল্লায় খামেনিকে শেষ শ্রদ্ধা জানাল জামায়াতের প্রতিনিধিদল

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে শেষ শ্রদ্ধা জানিয়েছেন তেহরান সফরে থাকা জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল। এর আগে, শুক্রবার জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নিতে তেহরানে পৌঁছান তারা। ইসলামী প্রজাতন্ত্র ইরান সরকারের আমন্ত্রণে প্রতিনিধিদলটি ৩ থেকে ৯ জুলাই পর্যন্ত সফরে থাকবে এবং খামেনির বিদায়, জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নেবে। জামায়াতের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, দলের নায়েবে আমির ও সংসদ সদস্য অধ্যাপক মুজিবুর রহমানের নেতৃত্বে প্রতিনিধিদলে রয়েছেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও রাজশাহী মহানগরী আমির মো. কেরামত আলী, মো. নুরুল আমীন, পীরজাদা সাইদ উদ্দিন আহমাদ হানজালা, ডা. এস এম খালিদুজ্জামান ও এনসিপি নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী। খামেনির জন্য ইতিহাসের অন্যতম বৃহৎ রাষ্ট্রীয় জানাজা ও দাফন অনুষ্ঠানের আয়োজন করেছে ইরান। এ আয়োজনকে কেন্দ্র করে দেশজুড়ে লাখো মানুষের সমাগম ঘটছে। তেহরান এই জনসমাগমকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রতি রাজনৈতিক বার্তা হিসেবে তুলে ধরছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের আলোচনায় নজর রেখেছে ভারত : জয়সোয়াল

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক চীন সফর ও দুই দেশের সম্পর্কের গতিপথের ওপর ভারত নজর রেখেছে বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল। শুক্রবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রীর চীন সফর নিয়ে তাকে প্রশ্ন করা হলে তিনি এমন কথা জানান। সেখানে রণধীর বলেন, চীন, বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে অর্থনৈতিক করিডোর তৈরির বিষয়ে ওই সফরে যে কথাবার্তা হয়েছে, তার সম্ভাব্য প্রভাবের উপরেও ভারত নজর রেখেছে। প্রতিবেশী দেশগুলোর যে-কোনো ধরনের ঘটনাপ্রবাহ ভারত নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে এবং ঠিক সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়। নয়াদিল্লিতে ব্রিফিংয়ে এক সাংবাদিক প্রশ্ন করেন, প্রধানমন্ত্রীর সফরে বাংলাদেশ প্রথমবারের মতো চীনের কাছ থেকে বেশ কিছু যুদ্ধবিমান কেনার আগ্রহ দেখিয়েছে। এ বিষয়ে ভারতের মনোভাব জানতে চান তিনি। জবাবে রণধীর জয়সোয়াল বলেন, এই সব ক্ষেত্রে যা কিছু আলোচনা হয়- সবই ভারত নিরীক্ষণ করে। যখন যেমন পদক্ষেপের প্রয়োজন হয়, তা নেওয়া হয়। এ ধরনের উদ্যোগ ভারতের নিরাপত্তার ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ কি না, সে বিষয়ে মুখপাত্র অবশ্য কোনো মন্তব্য করেননি। প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরে তিস্তা প্রকল্প ও মোংলাবন্দরের উন্নয়ন নিয়ে দুই দেশের মধ্যে আলোচনা হয়েছে। সে বিষয়ে ব্রিফিংয়ে ভারতের প্রতিক্রিয়া জানতে চান এক সাংবাদিক। জবাবে রণধীর জয়সোয়াল বলেন, বাংলাদেশের বিভিন্ন প্রকল্পের উন্নয়নে ভারতীয় সহায়তার বিষয়টি দুই দেশের মধ্যে আলোচনার ভিত্তিতে তৈরি। সেই রোডম্যাপ নিয়মিত পর্যালোচনা করা হয়। মুখপাত্র বলেন, তিস্তা নদী প্রকল্প নিয়ে ভারতীয় মনোভাবের কথা আগেই বাংলাদেশকে জানানো হয়েছে। এই বিষয়ে যা কিছু অগ্রগতি, তা সার্বিকভাবে বিবেচনা করা হবে। এর আগে, গেল মাসের শেষ দিকে চীনে তিনদিনের রাষ্ট্রীয় সফর করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার এই সফরে বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সহযোগিতা নিয়ে আলোচনা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে আলোচনায় চীনের প্রেসিডেন্ট শি জিনপিং যোগাযোগ ও অর্থনীতির 'ব্যাপ্তি বাড়াতে' বাংলাদেশ থেকে মিয়ানমার হয়ে চীন পর্যন্ত একটি অর্থনৈতিক করিডোর করার প্রস্তাব সামনে আনেন। পরে এ বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান বলেন, "চীনের প্রস্তাবিত করিডোর নিয়ে বাংলাদেশ বর্তমানে পরীক্ষা-নিরীক্ষা চালাচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

## শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেলেন ১৫ শিক্ষার্থী

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের তাৎক্ষণিক হস্তক্ষেপে অবশেষে চলতি বছরের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেলেন নাটোরের ৮ জন এবং বগুড়ার ৭ জনসহ মোট ১৫ জন পরীক্ষার্থী। ফরম পূরণের টাকা আত্মসাৎ ও কারিগরি ভুলের কারণে গতকাল প্রথম দিনের পরীক্ষায় বসতে না পারা এই শিক্ষার্থীরা আগামীকাল শনিবার থেকে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ নেবেন। এদিকে, নাটোরের লালপুরে শিক্ষার্থীদের ফরম পূরণের টাকা আত্মসাতের অভিযোগে আব্দুলপুর সরকারি কলেজের অভিযুক্ত অফিস সহকারী অমিত কুমার সরকারকে ইতোমধ্যে গ্রেফতার করেছে পুলিশ। আজ শুক্রবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মন্ত্রণালয় জানায়, নাটোরের লালপুর উপজেলার আব্দুলপুর সরকারি কলেজের ৮ জন এইচএসসি পরীক্ষার্থী ফরম পূরণের জন্য টাকা জমা দেওয়ার পরও. গতকাল বৃহস্পতিবার প্রথম দিনের বাংলা প্রথমপত্র পরীক্ষায় অংশ নিতে পারেননি। কলেজের অফিস সহকারী অমিত কুমার সরকার শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নিলেও, তা বোর্ডে জমা না দিয়ে আত্মসাৎ করায় তাদের প্রবেশপত্র ইস্যু হয়নি। গতকাল বিভিন্ন গণমাধ্যমে এ নিয়ে সংবাদ প্রকাশিত হওয়ার পরপরই বিষয়টি শিক্ষামন্ত্রীর নজরে আসে। ড. আ ন ম এহছানুল হক মিলন তাৎক্ষণিকভাবে

রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরীর সাথে কথা বলেন এবং বঞ্চিত শিক্ষার্থীদের পরীক্ষা নিশ্চিত করতে জরুরি ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। মন্ত্রীর নির্দেশে আজ শুক্রবার রাজশাহী শিক্ষা বোর্ড বিশেষ ব্যবস্থায় ওই ৮ শিক্ষার্থীর ফরম পূরণ ও আনুষঙ্গিক প্রক্রিয়া সম্পন্ন করে। ফলে আগামীকাল শনিবার থেকে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরবর্তী সব পরীক্ষায় অংশ নিতে পারবেন। মন্ত্রী বিষয়টি গণমাধ্যমে তুলে ধরার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। অর্থ আত্মসাতের এই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নিতে শিক্ষামন্ত্রী নাটোরের পুলিশ সুপার মোহাম্মদ শরিফুল হক এবং লালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলামের সাথে টেলিফোনে কথা বলেন। মন্ত্রীর নির্দেশনার পর পুলিশ অভিযুক্ত অফিস সহকারী অমিত কুমার সরকারকে গ্রেফতার করে। তার বিরুদ্ধে লালপুর থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পাশাপাশি, ঘটনার পূর্ণাঙ্গ তদন্তে আব্দুলপুর সরকারি কলেজের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল মাহমুদকে প্রধান করে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এদিকে, বগুড়ার সারিয়াকান্দিতে নির্ধারিত সময়ে ফরম পূরণের টাকা পরিশোধ করেও, কলেজ কর্তৃপক্ষের রেজিস্ট্রেশন নম্বর ভুলের কারণে গতকাল পরীক্ষা দিতে না পারা একজন শিক্ষার্থীর অভিযোগ মন্ত্রীর কাছে পৌঁছায়। এর পাশাপাশি, বগুড়ার মহাস্থানগড়ের আরও ৬ জন শিক্ষার্থী ফরম পূরণ সংক্রান্ত জটিলতার কারণে পরীক্ষায় অংশ নিতে পারেননি বলে মন্ত্রীর নজরে আসে। শিক্ষামন্ত্রী তৎক্ষণাৎ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের সাথে ফোনে কথা বলে দ্রুত যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে বলেন। মন্ত্রীর নির্দেশে আজ বগুড়ার ওই ৭ জন শিক্ষার্থীরও ফরম পূরণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। তারাও আগামীকাল থেকে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ নিতে পারবেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

### ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ৪৪ জন হাসপাতালে ভর্তি

ডেঙ্গু আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ৪৪ জন রোগী ভর্তি হয়েছেন। তবে এ সময়ে ডেঙ্গুতে কারো মৃত্যু হয়নি। আজ (শুক্রবার, ৩ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমারজেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১০ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১৪ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) আটজন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে একজন এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ১১ জন রয়েছেন। গত ২৪ ঘণ্টায় ৪৮ জন ডেঙ্গুরোগী হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছরে এ যাবত মোট ৫ হাজার ৯৮৯ জন রোগী হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন।(রেডিও টুডে ওয়েব পেজ:০৩.০৭.২০২৬ আসাদ)

# BBC

### FRANCE RECORDS 2,025 EXCESS DEATHS AT PEAK OF HEATWAVE AS EUROPE BRACES FOR MORE EXTREME WEATHER

France has said it recorded an increase of more than 2,000 deaths during the last week of a record-breaking European heatwave in June as forecasters warn of further extreme temperatures on the continent in the next few days. Deaths rose 29% in the last week of June compared to the week before, with French health minister Stephanie Rist adding there had been a "clear increase" in deaths among those over 45. France saw its hottest day ever on average country-wide on 24 June, with temperatures hitting almost 41C in Paris and half the nation placed under a red heat alert. News of the death toll comes with parts of Europe, including the UK, braced for more searing temperatures from this weekend.
(BBC News Web Page: 03/07/26, FARUK)

### VENEZUELA QUAKE SURVIVOR PULLED OUT ALIVE AFTER EIGHT DAYS

A man has been rescued alive after being trapped for eight days in the rubble of a building that collapsed after twin earthquakes in Venezuela. Emergency workers managed to free Hernan Gil more than 100 hours after they had first located him under 140 tonnes of rubble. Venezuela's Acting President Delcy Rodriguez visited Gil in hospital on Thursday, calling him a "living miracle" in a video shared on social media. As of Thursday evening, 2,595 people are confirmed to have died in the quakes which hit Venezuela on 24 June, and tens of thousands are still missing. (BBC News Web Page: 03/07/26, FARUK)

### NASA LAUNCHES MISSION TO SAVE FALLING SPACE TELESCOPE

A Nasa-funded spacecraft has been sent into space to catch a falling telescope. The Swift observatory detects some of the most powerful explosions in the Universe - but is at risk of crashing back to Earth in the coming months. The small space telescope will be intercepted by the LINK craft, which will attempt to grab it with three robotic arms, and try and lift it back to a safe orbit. The rescue mission, launched on Friday, has never been attempted before,

and Dr Simeon Barber, a space scientist, has said it is "high risk". The Swift observatory is falling because increased solar activity has pushed out the Earth's atmosphere such that it touches Swift. This drags on the observatory and slows it down as it orbits the Earth, lowering its attitude. (BBC News Web Page: 03/07/26, FARUK)

**IRAN BEGINS PUBLIC MOURNING FOR AYATOLLAH KILLED IN FEBRUARY**

Iran has begun several days of public mourning and funeral processions for its former Supreme Leader, Ayatollah Ali Khamenei, more than four months after he was killed in strikes launched by the US and Israel. The former Ayatollah's body will lie in state in Tehran's Grand Mosalla from Friday, ahead of his burial in his hometown of Mashhad next Thursday. Iranian authorities said 12 to 20 million people were expected to attend, which they are calling the "funeral of the century". It comes as Iran and the United States observe a fragile ceasefire after signing a preliminary deal to halt their conflict in June. Six days of ceremonies will start at 6:00 on Saturday, at Tehran's Imam Khomeini Mosalla, which visitors can visit to pay their respects until Saturday afternoon. There will be an official funeral ceremony in Tehran on Saturday, which the Tehran-based Mohammad Rasulullah Corps is leading. The group's commander Hassan Hassanzadeh said Khamenei's coffin would be displayed on an elevated platform, with crowd flows designed to allow visitors to enter and leave within 15 to 20 minutes. (BBC News Web Page: 03/07/26, FARUK)

**AT LEAST 32 DEAD AFTER OVERCROWDED BUS PLUNGES INTO RAVINE IN PAKISTAN**

At least 32 people were killed and 16 others injured after an overcrowded passenger bus plunged into a ravine in south-western Pakistan. The bus was travelling from Quetta to Peshawar, when it crashed in the Dana Sar mountain range, on the border between Balochistan and Khyber Pakhtunkhwa provinces, at about 08:00 local time on Friday. A government official at Zhob Hospital told BBC News that a total of 48 people, including a number of women and children, had been on board when the accident happened. The cause of the crash is under investigation, but preliminary reports suggest a steering fault may have led the driver to lose control before skidding off the mountain range.
(BBC News Web Page: 03/07/26, FARUK)

**DANGEROUS HEATWAVE SCORCHES US AHEAD OF FOURTH OF JULY HOLIDAY**

Millions of people across the US East Coast are enduring dangerous heat and humidity, with temperatures expected to reach and stay at 100F for several days. The National Weather Service (NWS) has warned the heat index - a measure of how hot it feels based on temperature and humidity - could reach as Hugh as 115F in cities such as Washington DC, Philadelphia and New York over the 4 July weekend. The soaring temperatures are raising concerns as US President Donald Trump hosts a celebration marking America's 250th birthday and multiple World Cup matches take place outdoors. The heatwave follows an unprecedented spell of early summer heat across Europe, with record highs across the continent. (BBC News Web Page: 03/07/26, FARUK)

**EBOLA TREATMENTS TRIAL BEGINS IN DR CONGO**

A trial of potential treatments for the species of virus behind the current deadly Ebola outbreak in the Democratic Republic of Congo has begun, the World Health Organization (WHO) has announced. The first patient has been enrolled in DR Congo, WHO chief Tedros Adhanom Ghebreyesus said on Thursday. More than 1,400 cases and 438 deaths have been confirmed in the country, according to the WHO. There are currently no approved vaccines or treatments for the Bundibugyo virus species of the disease, which is highly infectious. The current trial is sponsored by the WHO, and is being co-ordinated by scientists at the Institut National de Recherche Biomedicale in DR Congo, the Institute of Tropical Medicine in Belgium, and the University of Oxford in the UK. Patients will be tested on two antiviral drugs. (BBC News Web Page: 03/07/26, FARUK)

**PAPUAN REBELS SAY THEY SHOT DEAD US PILOT AND BURNED HIS PLANE**

Separatist rebels say they have shot dead a US pilot and set his plane on fire in Indonesia's Papua region. The West Papua National Liberation Army (TPNPB) say they killed Nicholas F Gosselin after he landed in the Highland Papua province on Thursday. The separatists claim civilian pilots have been ferrying Indonesian troops into the region, and said Gosselin's death sent "a message". Indonesian officials confirmed that Gosselin's plane had been found burnt, but said it was unclear what happened to him or his seven passengers on board. The

killing comes after years of conflict between the Indonesian government and West Papua's indigenous people over independence for the resource-rich region.
(BBC News Web Page: 03/07/26, FARUK)

**MOLDOVA'S PRIME MINISTER QUITS, TRIGGERING GOVERNMENT'S RESIGNATION**

Moldova's Prime Minister Alexandru Munteanu has resigned from a position he has held since November, in a surprise announcement that also triggered the resignation of the government. "The moment I realized that I could no longer carry out my mandate in accordance with my principles and convictions, I chose to step down," Munteanu said in a post on social media on Friday. "I will continue to serve my country from whatever position I may hold," he added. Munteanu, 65, gave no further details. The move is a challenge for President Maia Sandu and her ruling pro-European Party of Action and Solidarity (PAS), now in its second consecutive term. According to Moldova's parliamentary procedure, Sandu will hold consultations with parliamentary groups and then nominate a candidate for prime minister. (BBC News Web Page: 03/07/26, FARUK)

## :: THE END ::